প্রিয়বালা।

(গার্হস্থ্য উপস্থাস।)

শ্রীশরক্তব্দ দাস-প্রণীত।

Author—a venerable name ! iw few deserve it, how many it claim."

কলিকাতা—৬১ নং স্নাহিরীটোলা ট্রাট, শ্রীঙ্গানকীনাথ দে কর্তৃক প্রকাশিত।

CALCUTTA:

PRINTED BY HARI DAS GHOSH, AT THE CHAITANYA PRESS.

No. 111,1 Upper Chitpore Road.

1895.

ज्य मःरगाधन।

৩১ পৃষ্ঠা হইতে ৩৫ পৃষ্ঠা পর্যান্ত স্থানে স্থানে বে প্রিয়বালার।
নাম উল্লেখ করা হইরাছে, তাহার পরিবর্তে ভ্ষণা প
করিবেন।

ধর্মধন বিশুদ্ধ **হুদ**য়—উ**দার চ**রিত

শ্রীযুক্ত বাবু বৈষ্ণবচরণ বদাক

মহোদয়ের

পবিত্র করকমলে

সপ্রণয়—ভক্তির উপহার স্বরূপ

এই

कृष "প্রিয়বালা" খানি

উপহার

अम्ख रहेन।



खंड-मुश्राम।

"So let us welcome peaceful evening in" Cowper.

ক্ষণপক্ষের তৃতীয়'। সদ্যা উত্তীর্ণ হইয়াছে। পশুপদ্দীগণ সকলেই
নিস্তর। শণধর আলোহিত বর্ণে অন্ধে অন্ধে গগনমগুলে সমুদ্রত
হইতেছেন। আকাশের ছায়ার অন্তরাল হইতে প্রেমটোর স্থাকর
হংকালীন ক্ষীণকলার ধীরে ধীরে কুমুদিনীর প্রতিং কটাক্ষ
বিভার করিতেছেন। করেণ অভাবে এ জগতে কোন কার্যা হয়
না। নিশানাথেরও এই গোপন কটাক্ষের কারণ আছে। শক্ষছহিতাগণ ইর্ষাপরায়ণা হইয়া চল্লোনরের পুর্ব হইতেই আকাশ্র
পথে আলোকমালা সজ্জিত করিয়া, যেন লক লক ত্রিভলোচনে
স্থানীদর্শনিশালসায় উৎকৃতিত হইয়া রহিয়ছে। রূপদী-প্রশাদ্দিনী
মণ্ডলীর আপর উপেক্ষা কহিয়া কুমুদিনী-নায়ক এ স্কুর্বজ্জী

স্বদী-সলিলে কি করিয়া তাঁহার প্রেমের পাত্রীকে অন্তরাগ দেখাইবেন, আর ভারাধণই বা শশাকের এরপ ব্যবহার কিরুপে সহ্ করিবে, এই ভাবিয়াই বুঝি আমাদের চক্রদেবের এই গোপন প্রণায়। খল্যোতিকাগণ এতক্ষণ নক্ষত্রমালাকে উপহাস করিয়া কুঞ্জবাটিকায় তরুশতাগণকে হীরক-ভূষণ পরাইয়া অন্ধকার জ্গতে দীপ্তিবিকাশ করিতেছিল, এখন নিশানাখের উদয়ে নিপ্তাভ হইয়া ুলুকাইৠ রহিয়াছে। ছুরে কোন ঝোপের অস্তরালে এক একটা খদ্যোত টিপ টিপ্ ক্রিয়া অলিতেছে, কধন নিবিতেছে; <u>ুর্ন</u>্তরে ভারে দেখিতেছে শশধর আর কতক্রণ আছেন। महाउत्र ममारण आपन नारमहायक कति। क कामशर कित्र পত:ই কৃষ্টিত হইতে হয়। শেখিতে দেখিতে আকাশ জ্যোৎসাময় হইল। ধর্ণী শুভ রজত-বাস পরিধান করিল। চক্রকিরণ মাথিয়া, ঐ সে প্রণয়ীযুগল প্রাসাদের উপরিভাগে পরস্পর পরস্পরকে আলিখন করিতেছে। কোথাও কোন কুঞ্জমানে ছুইটা স্ক্ একত্তিত হইতেছে; ছরস্ত শশ্ধর আর থাকিতে পারিয়েন না, রক্ষের অন্তরাল হইতে তাহাদের সঙ্গেও একট্ ্থিকত। করিয়া ["]গইলেন। চক্রকিরণ দেই লাজমাথা মুথখানির উপর পড়িয়া কি ! অপূর্ফ্র শোভাই ধারণ করিল। প্রণয়ীও সাদরে নেই প্রভূর कर्लात्न अनेष्रिहरू बद्धन वहाँ इसन कतिन।

সকলেই কি এ জগতে ঐ কিরণরাশি দেখিয়া হাসিল ? কাদিবার কি কেইই ছিল না ?—অবস্থাই ছিল। ঐ প্রেমপূর্ণ জ্যোৎস্না দেখিয়া কি প্রবাসীব হৃদ্য হইতে বিল্মাত অশ্রুপাত ক্লৈ না? তাহাৰ মনে কি কোনরূপ অভাবই উচ্চু সিত হইল মা? প্রস্থা বিরহানল কি জ্ঞালিরা উঠিল না? প্রবাসী জ্ঞাতই কি অপ্রাণ করিয়াতে যে ঐ স্নীল প্রনে বৃদিয়া— ওরপ স্থলর জ্যোৎসা ছড়াইরা শশ্ব বিরহীকে এত যাতনা দিতেছেন! ঐ সমরে প্রবাসীর পার্যদেশে যদি সেই জ্যোৎস্থাময়ী কুম্ম স্কুমার-মৃত্তি বিরাজিত থাকিত, তাহা হইলে সে আজি লাপনাকে কত স্থী মনে করিত। কুমুদিনী হাসিল—হাসিয়া হাসিয়া আনলসলিলে—উলাসে উলাসে সরসী-সলিলে ভাসিয়া উঠিল। মল মল সমীরপ প্রবাহিত হইতেছে, কুম্দিনী ছলিতেছে। তরুশিধরে পত্রাবলী কাঁপিতেছে, সজ্জাশীলা লতিকাগণ ধীরে ধীরে হস্ত সঞ্চালন করিতেছে। সরসীসতে চল্লমার স্থামির জ্যোৎস্থা পড়িয়াছে, হিলোলে হিলোলে—তরক্ষে তরঙ্গে চাঁদ শত শত হীরুকথণ্ডের লগায় জ্বলিতেছে; লোধ হইতেছে যেন, জলকেলি মানসে ভারকাসতীরা টাদকে বলে কার্ম্বা জ্বাকাশের সহিত পৃথিবীর জলতলে অবতরণ করিয়াছেন।

প্রকৃতি নিস্তর। মধ্যে মধ্যে বিলীগণের বি বি রব ব্যতীত আর কিছুই শ্রুতিগোচর হয় না। পাঠক। এই নীরব নিশীবে, ঐ অদূরবর্তী চম্পাপুরী নামী ক্ষুদ্র পল্লীতে চলুন্। ঐ দেখুন, পল্লীমধ্যে একথানি কুটারে জানৈক দ্বিদ্র বৃদ্ধ ব্রাহ্মণ-দম্পতি সাংসারিক কথাবার্তায় বাস্ত আছেন। বৃদ্ধের একমাত্র সন্তান হরেক্রকুমার কলিকাতায় কর্ম্ম করেন। মাণিক আর পাঁচিশ টাকা মাত্র। সেই অল পরিমিত টাকা হইতে আপনার বাসাথবচ চালাইয়া কোন মাসে আঠার, কোন মাসে পোনের, কোন মাসে বা কুড়িটী করিয়া টাকাও বাটাতে পাঠাইরা দিতেন। বৃদ্ধ অতি করে তদ্ধারা নিজের ও তাঁহার সহধ্যিনীক্ষু ভ্রবণপোষণ নির্পার্গ করিছেন।

অনেকদিন হরেক্রক্মারের কোন সংবাদ না পাওয়াতে বৃদ্ধান্যতি অভাস্ত বিমর্গভাহ্ব প্রসম্বন্ধেই নালপ্রকার কথাবার্ত্তা কহিতেছিলেন। এসন সময় "বানুন্দুদিদি—বানুনদিদি" বলিয়া বাহিরের বারে কে আঘাত করিল। কঠ-ন্দর প্রাক্ষণীর পরিচিত, ন্দতরাং কালবিলম্ব না করিয়া তিনি তৎক্ষণাৎ দার খুলিয়া দিলেন। আগন্তুক প্রাক্ষণীকে দেখিতে পাইয়া বলিল, "বামুনদিদি! এই তোমার ছেলের চিঠি নাও, আমাদের বার্ আজ্ব বাঙ্গীতে এসেছেন, তাঁরই হাতে তোমার হরেন এই চিঠাখানি পাঠা'য়েছেন। দিদি! আমি এখন আদি!"

সাদির সন্তামণে রাহ্মণী কছিলেন, "বদি এসেছ, তবে ছুল্ঞ বসো; অনেক দিন ত আর এদিকে আ'দ নি।

আগন্তক কহিল, "আমার কি ছাই নড্বার অবকাশ আছে ? যে গিন্ধী, একবার যদি বাড়ী থেকে বেরুই, তবেই দুম্ফেটে মরে যান; আমরা চাকরাণী বই ত ন্যু। দিলি! আমাদের যে দিকে ফেরাবে, দেই দিকেই ফির্তে হবে, এখন তবে আদি দিদি।"

ত্রাহ্মণী তথাপি বলিলেন, "যদি বেশীক্ষণ বদ্তে না পার, তবে একবার বাড়ীর ভিতরে এমো। হরেনের সংবাদ এমেছে শুনে কন্তা কতই খুদী হবেন। দেখ, পাঁচজনকে দিয়ে থুয়ে খেতে কত হুথ, ভগবান এমন দিন ত দেন নি, তা কি কর্বো বোন। গোটাকত নাড় আছে, খেয়ে যাও।"

আহ্লাদের সহিত আগস্তুক বলিয়া উঠিল, "তা দাও দিদি, অনেকদিন তোমাদের নাঁড গাই নি।"

বান্ধণী আগত্তককে লইয়া বাড়ীর ভিতরে প্রবেশ করিলেন এবং শশরুত্তে কর্নকে বৃলিলেন, "ওগো, এই হরেনের পত্র নাও, মঙ্গল এথানি এনেছে। আজ ওদের বাবু কলিকাতা হ'তে এসেছেন, জিনি এইথানি ওর হাত দিয়ে আমাদের বাড়ীতে পাঠিয়ে দিয়েছেন।" কর্ত্তামহাশয় এতক্ষণ হরেক্রের জন্মই চিন্তারিত ছিলেন

ভিনি সহধর্ষিণীর হস্ত হইতে পত্রখানি লইয়া, আবরণ উন্মোচন করতঃ নিবিইচিন্তে কণকাল পাঠ পূর্ব্বক ব্রাহ্মণীকে আহ্বান করিবলন। বাহ্মণী তথন অন্তগৃহে ছিলেন। স্বামীর হস্তে পুত্রের পত্র সমর্গণ করিয়া তিনি আপন কক্ষে আসিয়া মঙ্গলাকে কতকগুলি নাড় খাইতে দিলেন। মঙ্গলা আহার করিতে লাগিল, গৃহিণী ভাহার নিকট বসিয়া নানাপ্রকার গল্প করিতে লাগিল, গৃহিণী ভাহার নিকট বসিয়া নানাপ্রকার গল্প করিতে লাগিল, গৃহিণী ভাহার নিকট আগন্মন করিলেন। কর্তা বলিলেন, "ব্রাহ্মণি! হরেন্দ্রের মাহিনা বাড়িয়াছে, ঈশ্বর এতদিনের পর আমানের প্রেতি মুখ তুলিয়া চাহিলেন। হরেন্দ্র লিখিয়াছে যে, এবংসর সে চলিশ টাকা করিয়া পাইবে, এবং আর পাঁচ বৎসরের মধ্যেই ভাহার বেতন বাইট টাকা হইবার সম্ভব।" পৃতিমুখে এই স্কুলবাদ প্রবণ করিয়া গৃহিণী আনন্দে পুল্কিত হইয়া বলিলেন, "হাঁগা, য়াইট টাকা সেকত?"

বৃদ্ধ তথন হাসিতে হাসিতে বলিলেন, "আরে পনের গণ্ডা,— বলি—এখন বুঝেছ।"

আহ্মণী তথন গদগদন্ধরে বলিলেন, "তবৈ এবার মেই টুক্টুকে মেয়েটকৈ আমি বউ কোর্4ই কোর্ব। হরেন আমার শক্রর মুখে ছাই কিয়ে এই পটিশ বংসরে পা দিয়েছে। আর আমি করে আছি—কবে নাই, এই বেলা হরেনের বিয়ে দিয়ে বৌমার মুগ দর্শন কোর্ব।—ইাগা, ভূমি কি বল দি

ব্রাহ্মণ এই কথা শুনিয়া বলিলেন, "দে ত হুপ্পের কথা। প্রা**ন্ত্র্** হরেন্দ্র আহক্, তাহার যা' ইচ্ছা, তাহাই হ'বে। ছেলের বয়স হইয়াছে, এখন কি **ন্ধা**র তার স্বমতে কোন কার্য্য করা ভাত্র প্রথায়।" ব্যাহ্মণী বাক্যব্যয় না করিয়া কিন্তুক্তে গ্রমন কবিলেন শ বাহ্মণদশতির ক্ষুত্র ক্টারে এইরপ আনক্ষলোত বহিতেছে, ইত্যবদরে প্রকৃতির নৈশ নিস্তর্কতা ভঙ্গ করিয়া অনূরে শব্ধধনি সমুখিত হইল। তখন রাত্রি এক প্রহর উত্তীর্ণ হইরাছে, ক্ষুত্র পল্লীতে প্রায় সকলেই আহারাদি করিয়া নিজা ঘাইবার উপক্রম করিতেছে। বাহিরে মন্দ মন্দ্র স্থাতল সমীরণ নানাবিধ প্রশাসোরভে আমোনিত হইরা কখন তালরক্ষের, কখন আম-রক্ষের, কখনও বা কোন অসুক্ষ নারিকেল বৃক্ষের পত্র সকল আনোলিত করিতেছে।

কিয়ৎক্ষণ পরে আবার শৃঞ্জ্বাজিয়া উঠিল। নীড়ন্ত স্থপ্ত পক্ষি-গণের কর্নে দেশক প্রবেশ করিল। তাহারা দেই শৃঞ্জবনি প্রবণ করিলা, বিপদাশকায় কলরব করিয়া উঠিল। ছগ্গপোষা বালকেরা মাতার নিকট শহন করিয়া মানাঞ্জকার উৎপাত করিতেছিল, মেই ধ্বনি তাহাদের কর্নে প্রবেশ করাতে তাহারা মাতার নিকট আসিয়া জ্বোড়ে মুখ লুকাইল। ক্রমে উপর্যুপরি শৃঞ্জনি চারি-দিক প্রতিফ্রনিত করতঃ গলীর সকলকেই বাস্ত করিয়া তুলিল।

বাদ্দনী মনে মনে কত কি ভাবিভেছিলেন। পুন্তের বেতন
বুলি হইল। এইনার তাহার বিবাহ দিয়া—বধু লইনা স্থাধ
সংসার্থাত্রা নির্কাহ করিবেন। আর উাহাকে অধিক পরিপ্রম
করিয়া দিন্যাপন করিতে হইবে না। সহসা শত্রাধ্বনি
তাহারও কর্ণে প্রকেশ করিল। মঙ্গলা দাসী নাজু খাইতেছিল, আর এক একবার ব্রাহ্মণীর স্থাতি করিতেছিল।
রাহ্মণী সে কথায় কর্ণাতও করিতেছিলেন ন, দেশল অন্তমনম্বে
এক একবার "হঁ" দিয়া যাইতেছেন। শত্রধনি ভ্নিয়া তাঁহার
চমক্ ভাগিল। তিনি মন্তলাকে ক্রিক্তাসা করিবেন, "মন্দলা। এক
ব্রাহ্মণ্টাক বাজে কেথায় হু"

প্রথম পার্ত্তেশ

মঙ্গলা বলিল, "ওগো! বোধ হর, মিতিরতের গিরির ছেলে হরেছে। আমি যথন এখানে আস্ছিলেম, তখন তাদের বিয়ের সঙ্গে আমার দেখা হর, দে বল্লে যে, তাদের বড়গিরীর ব্যথা হয়েছে।"

আনন্দ সহকারে ব্রাহ্মণী বলিয়া উঠিলেন, "আহা! তাবেশ বেশ। ওর তেমন সোণারচাঁদে ছেলে মারা যা'বার পর সার যে ছেলে হবে, এমন আশাই ছিল না। আহা! জগদীখর মুখ তুলে চেয়েছেন। বেঁচে থাকুল্, লোকের যেন ভালই হয়। হাঁ মঙ্গলা! ওলের মেজো বউয়ের কটি ছেলে।"

"একটা ছেলে, আর একটা মেয়ে।"

"আর ছোট বউধের 🏖

"তার এই দেদিন একটা ছেলে হয়েছে।" এইরূপ কথোপ-কথন করিতে করিতে মঙ্গলার জননোগও শেষ হইল। দ্রে বলিল, "রাত হলো দিদি, এইবার তবে আদি!"

বানেনী বলিলেন, "এদ বোন্! মানো মানো যদি এক একবার আমাদের বাড়ীতে এদ, তা'হলে কত থবর গুন্তে পাই।"

এই বলিয়া ঠাকুয়াণী, মঙ্গশাসনভিব্যাহারে তুটারের বহির্ভাগে উপনীত হইলেন। পরে তাহাকে বিদ্যুল দিয়া বাংকার অর্গনহন্ধ করতঃ পতির চ্রণনেবাল নিযুক্ত হইলেন। অলক্ষণ নধ্যেই স্বামী নিদ্রিত হইলে, পতিপ্রসাদ ভোজন করিলা, সাধ্যা পতির চরণভংগই শ্যন করিলেন। পতিসেবা বিভ্রন্সভার এ সংসারে আ্রুক্ত কর্তব্য থাকিতে পারে?

দিতীয় পরিচ্ছেদ।

পরিচয় ৷

" All the world's a stage.

And all the men and women merely player, They have their exits and their entrances."

Shakspeare.

এই প্রামেই প্রবাধচন্ত্র মিত্র নামে একজন ধনবান্ কারছের বাস ছিল। তাঁহারা প্রামে খ্যাতনামা ও বিলক্ষণ প্রতিপত্তিশালী। ইহাঁরা তিন সহোদর। তন্মধ্যে প্রবোধ বাবৃই জ্যেষ্ঠ। মধ্যম নীরদচন্ত্র, এবং কনিষ্ঠের নাম অতুলক্ষণ। এতভিন্ন হরমুদ্দরী নামে প্রবোধবাবুর একটা সহোদরাও ছিল। প্রবোধবাবু কলিকাতার কোন সন্ত্রান্ত বণিকসম্প্রদারের জনৈক প্রধান কর্মচারী ছিলেন। মাসিক প্রায় সহস্রাধিক টাকা উপার্জ্জন করিতেন। সম্প্রতি অবকাশ লইয়া গৃহে আছেন। মধ্যম নীরণচন্ত্র একজন ভাক্তার, নিজ্ঞ প্রামেই তাঁহার চিকিৎসালয়।

অন্ধানির মধ্যেই নিম্নদ বাবু বিলক্ষণ পদার করিয়াছেন;
আরেও মন্দ নয়। কনিষ্ঠ অতুলক্ষণ দিলীতে কোন সন্তাত্ত মুদলমানের অধীনে কর্ম করেন। কর্মোপলক্ষে তাঁহাকে মেই স্থানেই মপরিবারে থাকিতে হয়। কনিষ্ঠ প্জের উপর মাতৃলেহের প্রবলতা সভাবত:ই দৃষ্ট হইয়া থাকে, স্বতরাং উল্লেহের জননী সর্ক্ষা সভুলুক্কফের নিক্টেই থাকিতেন। প্রবোধ বাবুর স্ত্রী বিমলা পূর্ণগর্ভা শুনিয়া তিনি সম্প্রতি চম্পাপুরীতে আসিয়াছেন।

প্রবাধ নাবুর বয়স ষথন ১৫।১৬ বৎসর, তথন তাঁহার পিতার
মৃত্যু হয়। তিনি একজন সদাশন্ত লোক ছিলেন, তাঁহার আয়ও
যথেষ্ট ছিল। কিন্তু তিনি মিতব্যন্ত্রী ছিলেন না, কাহারও অভাব
দেখিলে, তৎক্ষণাৎ নিজ অর্থে তাহা পুরণ করিতেন। দানই চরম
ধর্ম বলিয়া তাঁহার জ্ঞান ছিল; স্কুতরাং মৃত্যুকালে তাঁহার উল্লেমাধিকারীসণের জন্য এক কপর্দ্ধকও রাখিয়া যাইতে পারেন নাই।

প্রবাধ বাব্র পিতার মৃত্যুর পর তাঁহার মাতা বিষম বিপদে পড়িলেন। নীরদ তথন দশ ও অত্ল পাঁচ বংসরে পদার্পণ করিয়ছে। কোনরূপে কর্তার প্রাকাদি সমাপন হইল বটে, কিন্তু প্রবোধ বাব্র আর লেখাপড়া ইইল না। গ্রামের কত্রকগুলি সম্রান্ত লোক একথানি দর্খান্ত লিখাইয়া প্রবোধ বাব্র পিতা যেখানে কর্ম করিতেন, সেই ছানে প্রবোধ বার্কে পাঠাইয়া দিলেন। বিলিক সম্প্রদার তাঁহার পিতাকে যথেও ক্লেক্স্কেরিতেন, স্ত্রাাং তাঁহার মৃত্যুসংবাদ শবণে হংখিত হইলেন, এবং অনুভাই করিয়া প্রবোধকে পঞ্চাশ টাকা বেতনের একটা কর্মে নিমৃক্ত করিয়া দিলেন। প্রবোধ বাবু সেই আয়ে ক্লিষ্ঠ সহোধ্রগুলিকে লেখাপড়া শিখাইতে লাগিলেন। তাঁহার কার্য্যদক্ষতাগুনে উত্রোভ্র বেতনও বৃদ্ধি পাইতে লাগিলে।

নীর ও অত্ল অল বরুসে পিতৃহীন হইরা জ্যেষ্ঠ লাতাকেই পিতৃত্বা সন্মান করিতেন। প্রবোধ বাবুও, প্রানির্ব্ধশেরে তাহাদের লালনপালন করিরা আপনাকে চরিতার্থ জ্ঞান করিতে লাগিকেন। পিতা বর্তমানেই প্রবোধ বাবুর বিবাহ ইইরাছিল। অপর লাতৃত্বয়ের কিবাহ, পরে যধাসময়ে সম্পন্ন হয়। কিছুদিন পরে প্রবাধ বাব্র একটা পুদ্র সন্তানও হইরাছিল। সকলেই শুনিয়া আহ্লাদিত হইলেন, উৎসবে যথেষ্ট বায়ও হইল; কিন্তু বিধাতার কেমন বিচিত্র লীলা। পঞ্চম বর্ষে পদার্পন করিতে না করিতেই সেই শিশু অকালে কালের কর্লে পতিত হইল। তদবধি প্রবোধ বাব্র আর কোন পুল্রাদি হয় নাই। সম্প্রতি, একটা পুল্র সন্তান জনিয়াছে, পাঠক পুর্বি পরিছেলে জাহা অবগত ইইরাছেন। নীরদচন্দ্রের একপুত্র ও এক কন্যা। পুর্ত্রের নাম হরেশ, কন্যার নাম বোগমারা। অতুলের কেবল একটা মাত্র পুদ্র।

মাসিক সহজাধিক টাবা আয়, এরপ লোকের সংখ্যা কলিকাতারপ মহানগরীতেও বিরল। স্বতরাং ক্ষুদ্র চম্পাপ্রী গ্রামে মিত্রনহাশরদিগের নাম, ফল ও প্রতিপত্তি যে বথেষ্ট হইনে, তাহা আর বিচিত্র কি গু সৈতৃক সম্পত্তির মধ্যে প্রবোধ বাব্র এক প্রকাণ্ড ভজাশন। ভাহারও অনেক অংশ ভ্রাবছার পতিত ছিল। এতছিল চারিটি উদ্যান। এই সকল উদ্যান হইতে তাহাদের অনেক আবশ্রকীয় দ্রব্যাদি উৎপন্ন হইত। উদ্যান চতৃষ্টন্নের মধ্যে একটি বাটির অক্সন্তের সহিত সংলগ্ন। ইহাই প্রবোধ বাব্র পিতার অতান্ত প্রিয় ছিল। তিনি স্বয়ং ইহার পর্যাবেক্ষণ করিতেন। সম্প্রতি উপস্কুক্ত পুক্রের হত্তে নাত্ত হওরতে পূর্কাপেক্ষা আরও শ্রীবৃদ্ধি হইরাছে।

তৃতীয় পরিচ্ছেদ।

পরামর্শ।

"Too fairly— for so foul effect." • Shakspeare.

রাত্রি প্রায় শেষ হইরাছে। চম্রদেব নিশাবসানে কুটার-প্রাঙ্গণে নিদাবতাপিতা নিদ্রাবিহ্বলা কুলকামিনীগণের আলুলায়িত কেশ-কলাপ দর্শন করিরাই বেন লক্ষাভিভূত হইরা মলিন বেশ ধারণ कतितान। देखायमात व्यायाय यावत जनत-जेमाात अकृष्टि কোকিলের নিডাভঙ্গ হইল। সে প্রকৃতির এই আকম্মিক পরিবর্তন দর্শন করিয়াই যেন জগৎ-মাতান "কুছ কুছ" রবে চীৎকার করিয়া ্টঠিল। নিকটবর্তী হ্রাইনক গৃহছের পুত্রবগূ প্রবাদী স্বামীর বিরহে সমস্ত রাজি নিজা যার নাই, নিশাশেবে তল্লা আসিতে-ছিল মাত্র। কোকিলের পঞ্চমতান তাহার কণ্ট্রের প্রবেশ করিবামাত্র অঞ্চেজনে তাহার উপাধান দিক হইব। উলানের রক্ষ নীরব--নিশ্চল। সহসা পুস্পদৌরভভারে ভারাক্রান্ত সমীরণ একবার ধীর-পদে আগমন পুর্বক দেবদারু নারিকেল প্রভৃতি অভ্যুক্ত বৃক্ষগুলির সর্ব্বোপরিভাগের পত্র সকল আন্দোলিত করিয়া আপন স্বভাবের পরিচয় প্রদান করিল। সঙ্গে সঙ্গে বাগানের বুক্চাত ওছ পত্তের মূর্দ্ধর শব্দ শ্রুত হইল। বাতাস থামিল, শব্দও শার কর্ণগোচর হইন মা। প্রকৃতি স্থাবার নিত্তরা হই ।

কিয়ৎক্ষণ পরে আবার শুক্ষ পত্রের মর্মার শব্দ শুরুতিগোচর ইইল। কিন্তু তাহার কারণ কিছুই অনুমিত হইল না। বায়্ সঞ্চালন এবার কারণ নহে। কেন না, তাহা হইলে বুক্ষপত্র সকল পুর্কেই আন্দোলিত হইত। বোধ হয়, কোন নিশাচর জন্ত্র নিশাবসান জানিতে পারিয়া ক্ষানে প্রত্যাবর্ত্তন করিতেছে!

আবার সেই শব্দ ! সঙ্গে সক্ষে অস্পষ্ট মসুষ্য শব্দ ও কর্ণ গোচর হইল। ক্ষণকাল পরে একজন ধেন একটু স্পট্তরূপে বলিতে লাগিলেন. "কোন সন্দেহ ক্ষারো না সেজ মা! তুমি তথন দেখো, নফরের মা কেমন মাহ্ম। যার মুন থাব, প্রাণ দিয়েও তাবে উপকার কর্বো।" ক্ষিপ্ররে তাহাকে নীরে বাবুর দানী মোক্ষদা বল্কি জানা গেলছা মোক্ষদা তার নাম বটে, কিছ নফরের মা ক্রিটিই ইছলোকে পরিচিত; স্থতরাং আমরাও তাহাকে ঐ নামে ডাকিব।

নফরের মার কথা শেষ ইইলে অপরের কর্মসর বলিল, "আনি কি বল্ছি, তোর উপর অবিশ্বাস আছে? না, তোর তুণ আমি জানি না; তাই যদি হবে, তবে এত লেগুক থাক্তে তোকেই বা এ কাজ কোর্তে বল্বো কেন ?" পরে অপেকাক্কত নৃত্যরে বলিল, "কিন্তু দেখিদ্দেন কোন কটুনা হয়।"

ক্রে পূর্ব্দিক পরিকার হইন। উবার আলোকে বহন্ধরা নবশোভা ধারণ করিল। বিহন্দরকুল অস্পাঠ কন্দরিন করিতে করিতে ক্রায় পরিত্যাগ করিতে লাগিল। কুলবধুনণ স্থ মাননগৃহ পরিত্যাগ করিয়া গৃহকর্মে মনঃসংযোগ করিল। প্রবেধ বাব্র আজি বড়ই আনন্দরে দিন। কাল রাত্রে একটা পুত্র সন্ধান হইয়াছে! এবার যদি ভগবান এটাকে দীর্ঘজীবী করেন, ভাহা হইলেও ক্তক্টা স্বা। অতুল ঐশর্মের অধিপতি হইয়াও

প্রবোধ বাবু প্রায়ই সেই মৃত পুত্রের কথা মনে করিয়। দারণ করি
অমুন্তব করিতেন। প্রবোধ বাবু ভাবিতেছেন, প্রভাত হইলেই
দৈবজ্ঞকে ডাকাইয়া বালকের জন্মলয় দেখাইবেন এবং গুভাগুত ফল
জানিয়া লইবেন। হায় প্রবোধ! ব্রিগতেছ না য়ে, অনন্ত সংসারচক্রের আবর্তনে এই বিশ্বসংসার বিঘূর্ণিত হইতেছে, তোমার আমার
ক্ষুদ্র স্থ-ছংথও তাহারই অধীন। সেই চক্রের নিয়জা মহান্
হইতেও মহান্—আমরা য়ে বৃদ্ধিতে স্থ ছংথ অমুভব করি, সে
বৃদ্ধি তাঁহার চরণ স্পর্শত করিতে পারে না।

প্রবাধচন্দ্র কলনার বশবর্তী হইয়া এইরপ ভবিষ্যৎ পৃথরাজ্যে
ভ্রমণ করিতেছেন, ইত্যুবসরে একজন ভ্তা অন্ধভাবে আসিয়া
প্রভুকে জানাইল, "একবার বাটীর ভিতরে আরুন, থোকা কেমন
কর্ছে।" যুগপং শত বক্সপাত হইলেও বেরপ ক্রেশ না হর,
প্রবোধচন্দ্র তদপেকাও বেন ক্রির হইলেন, তাহার মন্তক ঘ্রিরা
উঠিল, কথকিং ছির হইয়া তিনি বাটীর ভিতরে গমন করিলেন;
বাহা দেখিলেন, তাহাতে তাঁহার চৈতক্ত বিলুপ্ত হইল। তথনই
মিত্র মহাশরদের বাটীতে সহসা ক্রন্দর্শনি শ্রুত হইল। পারীর
সক্ষেণ্ট আনিত যে প্রবোধবাবুর পুত্র হইয়াছে, কিন্ত হঠাৎ
ক্রন্দর্শনে শুনিতে পাইয়া সকলেই সেই বাটীতে প্রবেশ করিল।

প্রবোধনাবুর বাটা অতীব বৃহৎ, স্থতরাং স্থতিকাগৃহ বিতলেই হইরাছিল। সকলে একেবারে সেই গৃহের সম্মান হইরা দেখিল, সন্মোক্রাত সন্তান উৎকট পীড়ার অভিভূত এবং সেই পীড়াই রোদনের কারণ। ধাত্রী সন্তানকে ক্রোড়ে করিয়া নিঃশব্দে অক্রবর্ধন করিতেছে। তাঁহার জননী ও সহধর্মিণী উভয়েই চীৎকার করিয়া ক্রেনন করিতেছেন। ক্রিরংকাল পরে প্রবোধ বাবু ডাক্তারকে জিক্তানা করিলেন, "ত্বে কি আর আশা নাই ?"

া স্থানমূতে ডাক্তার বলিলেন, "এরপ পীড়ার কোন শিশুকেই জ পরিত্রাণ পাইতে দেখি নাই। তবে যদি আপনার ইচ্ছা হয়, আরও ভূ একজন ডাক্তার্যকে ডাকিতে পারেন।"

"অন্ত ডাকার আনমনে আর কোন আবশুক নাই, তবে মনকৈ প্রবোধ দেওরা মাত্র। যাহা হউক, ইহাকে রকা করিতে ব্যাসাধ্য চেরা করিব। অশানি কোন্ ডাকারকে আনিতে প্রামর্শ দেন !"

প্রবোধ বারুর এই প্রশ্ন শুলিয়া ডাক্তার বারু পুনরার বলিলেন, "আমার মতে এই প্রামের কারি ক্রোল উত্তরে একটী ভাল ডাক্তার আছেন, তাঁহাকেই সংশ্লুদ দিউন।"

এইরপ কথোপকথন হই জেঁছে, এমত সময়ে প্রবোধবাব্র স্থী একবার সন্তানকে ক্রোড়ে করিলেন এবং পরক্ষণেই অধিকতর চীৎকার করিয়া ক্রনন করিয়া উটিলেন। প্রবোধবাব্ সেই জন্দন ধ্বনি গুনিয়া স্থতিকাগৃথের সন্ত্বীন হইলেন। ধান্তী কপালে ক্রেইনত করিতে করিতে বলিল, "কর্তাবাব্! আর ডাক্তারের প্রেক্রন নাই।" ছদিনের মধ্যেই শিশু ইছলোক ত্যাগ করিল। প্রবোধ বাব্র আর কথা কহিবার শক্তি রহিল না।

ডার্কারবার্ প্রস্থান করিলেন। পরে সকলে ধাত্রীর সাহারো সন্দ্যাজ্ঞাত মৃত সন্থানের সংকার করিল। মিত্রবাদীর সকলেই শোকারুল! বাহারা পেখিতে আসিয়াছিল, তাহারাও চক্ষের জল সম্বর্গ করিতে পারিল না! কেবল সেই বাটীর একটিমাত্র রমনীকে বোধ হইতেছিল, বেন তিনি ক্রত্রিম অঞ্জল বিস্ক্রেন করিতেছেন।

ठ जूर्थशिति एक म ।

-0:0:0:

তুমি কি বল

'For once again the spirit * * was waved, to see this world."—Light of Asia.

शुर्त्वारू घटेनाव श्रव इत्र माग अভिवादि इहेनाहः अवाध-ৰাব আপন কক্ষে উপবেশন করিয়া আছেন। বেলা ছই প্রহর উত্তীর্ণ হইরাছে, কর্ম্যের প্রথর তেজ এখাও ব্রাস হর নাই। প্রনাদের সূর্য্যের উল্লেখ উত্তপ্ত হুইয়া জনগণকে আপনার তেন্ত্র প্রদর্শন করাইকেডেন - পশু পক্ষী প্রভৃতি ইতর প্রাণিগণ সেই তেজ সহা করিতে না পারিয়া স্ব স্থাবাসে আভায় গ্রহণ করিয়াছে। বিটপীশ্রেণী নীরস অবস্থায় বায়ুডরে আন্দোলিভ হইতেছে। গৃহবাদিগণ গৃহকর্ম স্মাপন করিয়া নিজাদেবীর জোড়ে আশয় গ্রহণ কবিয়াছে। মাঠে র খালেঃ। দূরে গাভী-দিগকে নিঃশঙ্গে নবদুর্ব্বাল্ল ভক্ষণ করিতে অবলোকন করিয়া দলবদ্ধ হইয়া কোন এক বৃহ্থ, বুক্ষের ছায়ায় বিশ্রামূলাভ করিতেছে। পথে কোথাও একটা নাথালপত্না বা রাথানবালক কোন রাখালের আছারীয় আনয়ন করিতেছে: দূরে একটি গ্রামাকুরের প্রচত রেডি অভিতপ্ত চইরা লোগ জিহবা বাঁহিব করিয়া এদিক ওদিক গ্যনাগ্যন কবিতেছে। ইত্যুদ্ধরে প্রবোধ-ৰাবুৰ সহধন্দিণী মূলিনা সাংস্থাদি সমাপন করিয়া সামীর নিকট আগমন করিলেন। তথন প্রতি-পত্নীতে নানারপ

শবিদেশ অরম্ভ হইল। প্রথমতঃ প্রবোধবাব বলিলেন, "মলিনে! তুমিত জান, আমি আপিন হইতে অর্লিনের জন্ত অবকাশ লইয়াছি। কিন্তু আমারশ্রার চাক্রী করিতে ইচ্ছানাই। বিশেষতঃ আমাদের প্রক্রেক্তা কেহই নাই। এত দিন কঠোর পরিপ্রমে বাহা উপার্ক্তন করিয়াছি, তাহাতে আমাদের সংসারষাত্রা নির্কাহের আর কোন চিন্তা নাই। বিশেষতঃ, নীরদ ও অতৃন উভরেই উপায়ক্তম হইয়াছে; ত্রতরাং এখন আর কিছুরই অভাব দেখা যায় না। তাই বলিতেছি মে, আর কেন অর্থের চেষ্টা করি ? অর্থের জন্য যদর্শি সমন্ত জীবনই পরিপ্রমে অতিবাহিত করিতে হইল, তবে আর্শারকালের কাল কবে করিব?—কিন্তু তাথে বলি, নিন্ধর্মা থাকিলে সমৃত্র যেন আর ঘাইতে চায় না। এই দিনকতমাত্র আমি কার্ছ্য হইতে অবসর গ্রহণ করিয়াছি, ভাহাতেই আমার যে কত কন্ত বোধ হইতেছে, তাহা আর ভোমাকে কি বলিব। অতএব আমার ইচ্ছা যে, দিন কতকের জন্য একবার পশ্চিমাঞ্চলে হাই। জোমার কি মত ?"

"আমি আর কি বলিক ? তোমার মতেই আমার মত। কিন্তু তুমিত প্রায়ই বলিয়া থাক বে, পশ্চিম যাইব, কাজে ত কিছুই হয় না।"

প্রবোধ। এবার নিশ্চর লানিও বে, আমি কর্ম হইতে অবসর গ্রহণ করিয়াই মাতা ও পত্নী লইয়া একবার গয়াধামে গমন করিব। পিতার প্রলোক হইলে আমি তাঁহার কোনও কর্ম করিতে পারি নাই। পুত্র হইয়াবে পিতার পারলোকিক কর্ম না করে, সে নরাধম। ঈখরেচ্ছার আমার অর্থেরও অনাটন নাই। স্থতরাং ইহা না করিলে লোকতঃ ও ধর্মতঃ উভয়তই আমাকে পতিত হইতে হইবে। মলিনা। সে ত বেশ কথা, আমিও জন্মবিধ কোন স্থানি বাই নাই, যদি অদৃষ্টে থাকে, তবেই হবে।

প্রবোধ। এবার আমার মাবার নিতাস্তই ইচ্ছা আছে। দেখি, ভগবান্ কি করেন।

मिना। अकहा कथा वन्तव कि १

व्यवाध। वन ना।

मित्ना। पूर्वि त्य जामादक किंदू है।का चित्र वरलहित्न,— नित्र कि ?

প্রবোধ। ভোমার এখন টাকার দরকার কি १

মিলনা। কেন, আমার কি টাকার দরকার থাক্তে নেই, এই
মনে কর, তোমার সঙ্গে বদি পশ্চিমেই যাওয়া হয়, তীর্থস্থানে ছ
চার টাকা থরচ আছে ত ॰ সেথানে গিয়ে কি সদাসর্জ্বদাই
ভোমাকে টাকার জন্য জাগাতন কর্বো, তার চেয়ে কিছু টাকা
আমার হাতে রাণ্তে ইচ্ছা করেছি।

প্রবোধ। পশ্চিম যাওয়াত আজই হচে না, যদি আমাদের বাওরা হয়, তাহা হইলে এখানকার বিষয়-আশয় এক প্রকাধ বন্দোবন্ত না করিরাই বা কিরপে যাই? নীরদ হেনোমুর, এ পর্যান্ত সে কথনও বিষয়-আশয় চক্ষে দেখে নাই। কার কাছে কত পাওনা, কার কত দেনা, এ সকল স্থির না করিয়া কিরপেই বা বাওয়া হয়? কাজেই কিছু বিশ্বপ করিতে হইবে। এক-বার বিষয়টী নীরদকে বুঝাইয়া দিয়া তোমাকে কিছু টাকা দিব।——কেমন, রাজি আছে ত ॰

মণিনা। তুমি বা বল, তাতেই আমি দশ্মত আছি। তথে শীত্র শীত্র এসকল কার্য্য শেষ কুরিও।

অবেধু । বড় শীঘ্র পারি, অবশ্যই করিব। বিস্ত এ সকল কার্য্য

সহজে নিপাতি হইবে না। আজই আমি নীরদকে একবায় ভাকাইরা পাঠা'ব। করেকদিন আমার শরীর বড় ভাল নাই। মলিনা। কিছু অন্তব্ধ হয়েছে কি ? কৈ, আমাকে ত কিছু বল না ?

প্রবোধ। সেরপ কিছু নর, তবে যাহা আহার করি, ভাল পরিপাক হয় না।

মলিনা। তবে আমি এথনই কুঁছো ঠাকুরপোকে ডেকে
দিচ্ছি, তোমার যাহা বল্বার বক্ষা তিনি ত ভাক্তারীও
জানেন, সহজেই তোমার অহ্থের একটা ব্যবদা কোরে দিবেন।
নামার বোধ হয়, সারাদিন বাংগী কুঁসে না থেকে যদি একট্
একট্ সকালে বিকালে বেড়াও, তাহ'লো অনেকটা উপকার পাও।
এই বলিরা মলিনা বাটির ভিতরে অংএশ পুর্বক মোহিনীর কক্ষে
প্রেশ করিল। মোহিনী নীরণচন্দ্রের পর্য়া। তিনি তথন তাহার
প্রে হুরেশচন্দ্রকে হয় পান করাইতোছলেন। মলিনাকে
দেখিরা বলিলেন, 'দিদি। তে।মার সব কাজকর্ম সারা
হুরেছে ?'

মলিনা বলিলেন, "হা ভাই, স্বামার সব কাজ শেব হয়েছে,
এখন ভোমাকে একটা কথা বল্তে স্বামি এখানে এসেছি।
স্বাফ্র মেজো ঠাকুরপো এলে পর তাঁহাকে বলিও, একবার
বড় বাবু তাঁকে ডেকেছেন। বোধ হয়, তাঁর মরীর ধারাপ
হয়েছে—সেই জন।"

মোহিনী। দিদি! বস্না ভাই, কতক্ষণ দাঁড়িয়ে থাক্বে ?

মলিনা। আর ভাই! আজ কর্তা বলেছেন বে, আমরা একমার পশ্চিম বেড়া'তে বাব। ভাই ভাবছি আমিও ত কোধাও

শাই নাই: যদি নিয়ে গানু, তবে একবার আমিও বাই। ভা উনিও

वत्तरहन (र, मां ७ षामारक मरण करत (नर्दन। षामात कि अमन लोगा हरद (रोन्!

মোহিনী। হবে বৈ কি ভাই ! ভগবান ত ভোমাকে সংসারী হতে দিলেন না, তুমি ইচ্ছা কর্লে বেধানে ইচ্ছা সেধানে বেডে পার। আমার ত আর তা হবার যো নাই। ছেলে পিলের স্বরাট বড় বঞ্জাট। তুমি একরকম বেশ আছে। এই দেখ না, কত-ক্ষণ ধরে স্থরেশকে হৃদ ধাওয়াবার জন্য সাধ্লেম, তব্ও সবটা ধেলেনা।

মলিনা। ও কথা আর বলো না ভাই ! যার যেমন অদৃষ্ট, তার তেমন হবে। এখন যাই ভাই, মেজোঠাকুরপোকে কথাটা বেন বল্তে ভূলোনা।

মোহিনী। সে কি দিদি! তোমার কথা ভূল্বো? তা কি হতে পারে? তিনি এলেই স্মামি আগে বড় ঠাকুরপোর ব্যারা- রামের কথা তাঁকে বলবো।

ক্রমে সন্ধ্যা আগত হইল। মলিনা তথা ছইতে প্রস্থান করিন্ধ পুনরায় আপেন কলে আগেমন পূর্ক নিদ্ধ গৃহ-কর্মে নিযুক্তা, ছইলেন।

পঞ্চন পরিচেছ্দ।

00

नीतपहत्त ।

"A plan-ill devised."

স্বর্গীর মিত্র মহাশয়ের মধাম পুত্র নীরদচক্র। পিতার মৃত্যুর পর প্রবোধ বাবুই কনিষ্ঠ সহোলাদ্বয়ের জন্ত লেথাপড়া শিক্ষার স্বলোবন্ত করিয়াছিলেন। নীরণচল আন্দৈশৰ একট উগ্রন্থভাব বাল্য-সহচরদিগের সাহিত যথন তিনি ক্রীড়াদি कतिरुवन, उथनहे जाँशत व्यवहार्यत ও উগ্রহভাবের পরিচয পাওয়া যাইত। সহচরদিগের সহিত ক্রান্ডাকালে তিনি প্রায়ত নেতৃ-পদে অধিষ্ঠিত হইতেন। উন্নাপ্তিভি উন্ত ছিল সতা, কিন্তু দেই সঙ্গে একটা অসাধারণ ওণত দুও হইত তাঁগার মেধাশক্তি ষ্মতান্ত প্রবলা। অলোফিক প্রতিভা গ্রহ্মা তিনি পৃথিবীতে জন্মগ্রহণ করিয়াছিলেন। উঁহোর সকল বি য়েই স্থায়ারস্থা করিয়া দেখিবার ক্ষমতা ছিল। তাঁহার অন্তর্ভেদিনী দৃষ্টিতে মানব-জ্বরের সমন্ত ভাবগুলি স্পষ্ট প্রভিফলিত ইইড। যাহা একবার দেখিতেন ভার কথন ভূপিতেন না। এই গুণে তিনি বিশ্ববিদ্যালয়ে ছু-একটা পরীক্ষায় উত্তীর্ণ হৃইয়া, তংপরে ডাকারি পাশ দিতে কৃতক্ষা হইমাছিলেন। কিছুদিনের মণো চিকিৎসা বিষয়ে ভাঁহার বিলক্ষণ প্রতিপত্তি হইরা উঠিল,—দশ টাকা উপার্জ্জনও করিতে লাগি শেন। কিন্তু স্বভাব অপরিহার্য্য। কিন্তুতেই তাঁহার প্রকৃতির পরি-बर्द्धन इरेल ना। व्यर्थत माल माल ए ठात खन, खेलकाती वस्त

আসিরা দেখা দিলেন। তাঁছাদের সহবাসে নীরদচন্দ্র অনেক দিকে উন্তিপথে অগ্রসর হইলেন। উন্নতির প্রথম সোপান স্বরাপান-তাঁহার অভান্ত হইল। যে প্রকৃতির বীজ শৈশবেই নীরদ-চক্রের মনে অক্রিত হইতে দেখা গিয়াছিল, এখন তাহা करत कृत्व विक्त शाहेरक लातिन। नीत्रामत्र अथन रकवन देक्हा, किरम उंशिक मकल माना करता किकाप एए एवं मध्य जिनि এक स्न ग्रालाक स्टेर्न, बहे छारनाई छाहात মনকে অধিকার করিতে লাগিল। সভা ছাপন, বক্তৃতা দেওয়া, স্ত্রী-স্বাধীনতার সপক্ষতা করা, বালাবিবাহ প্রধা উঠাইয়া দেওয়া, গভর্ণমেণ্টের অমুকৃলে মত দেওয়া, বুকিয়া চাঁদা দেওয়া প্রভৃতি আধুনিক হজুগে--আধুনিক ব্যাপারেই তিনি গ্রামের মধ্যে অগ্রগামী ছিলেন। সঙ্গে সঙ্গে অদম্য অর্থস্প হাও তাঁহার মনকে বাস্ত করিরা তুলিল। ডাক্টারীতে যাহা উপা-**র্জন** হয়, তাহার দ্বার। সংসার্যাত্রা একরকম চলিতে পারে; কিন্ত পৃথিবীতে নাম কিনিতে হইলে কিছু বেশী অর্থের আবশ্রক। এই জনা যে কোন উপায়েই হউক, অর্থলাভ করাই আপাততঃ नी बन्हरस्य ब अधान कार्या इट्डा डिविंग। (मथा याडेक. कि প্রকারে জাঁহার উদ্দেশ্য সাধিত হয়।

নীরণচন্দ্র যেরূপ প্রতিভা লইয়া জন্ম গ্রহণ করিয়াছিলেন, তাঁহার স্বভাব যদি পুকোমণ হইক, তাহা হইলে নিশ্চমই তিনি আদর্শ-পুক্ব হইতে পারিতেন। কিন্তু বিধাতার ইচ্ছা অন্তর্গ।

यर्थ পরিক্ছেন।

-:::--

বৈষ্ঠিক কথা।

" "Go we as well as haste will suffer us To this unlooked-for unprepared pomp"

Shakspeare.

পরদিন অতি প্রত্যুবে প্রবোধনার শ্রা হইতে গাল্রোখান করিয়া প্রাতঃরুতা স্থাপন পূর্বক কার্য্য হইতে অবসর গ্রহণ করিবার অভিপ্রায়ে আপিদের কর্ত্তাকে একথানি পত্র লিখি-লেন, এবং একটা চাকরকে ডাকিয়া পত্রশানি পোই-আপিদে দিবার ক্লা আদেশ দিলেন।

নীর্মবাব পূর্ধরাসেই মোলিনীর নিকট তাঁহার জ্লেষ্ঠ লাতার পীড়ার কথা কর্ণগোচর করিয়াছিলেন। কিন্ত তথনই তাঁহাকে একটী মুন্ধু রোগীর নিকট ঘাইতে হয়, কাজেই সে রাত্রি আর প্রবোধবাবুর সহিত সাক্ষাৎ করা হয় না। প্রদিন প্রাতঃকালে ভিনি জ্লোষ্ঠের সহিত সাক্ষাং করিবার জ্লু তৈঠকথানায় আসিয়া উপস্থিত হইলেন।

্ ুপ্রবোধবার তথন একথানি সংবাদপত্র পাঠ করিতেছিলেন।
নীরদকে দেপিতে পাইয়া বলিলেন, "নীরদ! বোধ হয় আমার
উদরের কোনরূপ পীড়া হইরা থাকিবে, সেইজ্ঞুই তোমাকে
ডাকাইয়াছি, আরও অনেক কথা আছে; বদো, একটু বিলম্ব

নীরক উপবেশনাস্তে বলিলেন, "বরস হইলে লোকের একটা না একটা পীরা হইরাই থাকে; স্বতরাং দাখান্ত পেটের পীড়ার চন্ত কালে উষধ থাইয়া শরীরকে কট দিবার বিশেষ কোন জাবং নাই। তবে আপনি নাহর একটু একটু সিদ্ধি থাই-বেন, তাহাতে এ বয় দে উপকার ভিন্ন জ্বপকারের কোন সন্তানা নাই।"

"তাই হবে,—আর এক কথা আছে। চেণ্ড ভাই নীরদ!
বাবার যথন প্রণারোহণ হয়, তথন তোমরা নিতান্ত বালক। তিনি
আমার হল্ডে তোমাদিগকে সমর্পন করিয়া নির্নাইলেন। আর
বিষয়ী ঘাহাতে রক্ষা হয়, দেবিষয়েও আমাকে বায়য়র উপদেশ
দিয়াছিলেন। তোমরা দেখিতেই পাইতেছ যে, এখন আমি আর
য়ার্যাক্ষম নহি। বিশেষ আমার পুঁজক্রা কেইই নাই। দেই জর্জ
আমি কার্যা হইতে একেবারে অবসর গ্রহণ করিবার মানস করিয়াছি। আমার পিতা যেমন তোমাদিগকে আমার হল্ডে সমর্পণ
করিয়া গিয়াছিলেন, আমিও সেই আদেশমত প্রাণপণে তোমাদের
লালনপালন করিয়াছি। আৰু পুর্দাপেক্ষ্য আমা হইতে বিষয়েরও
কিঞ্জিৎ আয় বৃদ্ধি হইয়াছে। এখন তোমাদের অর্প তোমরা
বৃদ্ধিয়া লইলেই আমি পরিত্রাণ পাই। আমি দিনকত পশ্চিম
যাইয়া শরীর সম্ভ করিবার কলনা করিয়াছি।"

শ্রেষ্ঠের কথার প্রভাতরে নীরন বলিলেন, "লালা! ওদকল বিষয় এত নীত্র শীত্র বন্দোবন্ত করিলার প্রয়োজন কি ? আপেনার প্রশিষ্ক যাইতে ইচ্ছা হইয়াছে, হ'বের বিষয়,—ইবরেছায় আপনি ইক্ষশরীরে বাটীতে প্রত্যাগমন ক্রন। তাহার পর এদকল কথা ইইবে। আপনি কভদুর ষাইতে ইচ্ছা করিয়াছেন ?"

"কতদূর যে যাইব, তাহা এখন স্থিত করি নাই। তবে

প্রথমতঃ রাবার পিওদানার্থ একবার প্রয়াগতীর্থে গমন করিব। তৎপরে কানী, বুলাবন ও অক্সান্ত তীর্থও ভ্রমণের বাসনা করিয়াছি।"

নীরদ পুনরায় বলিলেন, "আপনার সঙ্গে আর কে কে বাইবে ?"
"সঙ্গে আর কে কে যাবে ? মা যাবেন, আর বড় বউ যাবে।
আমার এত শীঘ্র যাবার তত প্রয়োজন ছিল না, তবে কি জান,
এই সবে কার্য্য হইতে অবসর গ্রহণ করিতেছি, এখন বদি আলস্তে
দিন অতিবাহিত করি, তাহা হইলে অধিকদিন আর জীবনধারণ
করিতে হইবে না। আর মাকেও অনেকদিন বলিয়া আসিতেছি
যে, তাঁহাকে আমি নিজে সঙ্গে ক্রিয়া লইয়া যাইব।"

নীরদ কহিলেন, "আজ্ঞাদাদা! আমাদের কত টাকার বিষয় হবে ৭''

প্রবাধ বাবু তৎক্ষণাৎ উত্তর করিলেন, "আমার পৈতৃক বিষয় সবে ত্রিশহাজার টাকা ছিল। এখন তাহা হলে আসলে প্রায় লক্ষা-ধিক হইরাছে। আমার ইচ্ছা, এখন ঐ টাকা একসঙ্গেই থাকে। তবে ধলি তোমরা ইচ্ছা, করির। স্বতন্ত্র কোন বন্দোবস্ত করিতে চাও, আমার তাহাতে আপত্তি নাই। তোমাদের টাকা—তোমরা যাহা ইচ্ছা করিতে পার; তোমরা ত এখন বালক নও।"

এই কথা শুনিয়া নীরদ কহিলেন, "আমাদের আবার ইচ্ছা কি? আপনি যাহা ভাল বুঝিবেন, তাহাই করিবেন। বিষয় আমাদের হত্তে থাকিলে ভাল দেখায় না। আপনি জ্যেষ্ঠ,— পিতার সদৃদ, আপনার নিক থাকাই ভাল।"

প্রবোধবাবু প্রাত হইয়া কহিলেন, "তুমি বাহা বলিতেছ, তাহা সকলই সত্য। কিন্তু আমি ত আর এথানে এখন বাস করিতেছি না। স্বতরাং টাকার প্রয়োজন হইলে তোমরা কি করিবে !— জামার দেখাই বা কিরপে পাইবে? আর টাকার অভাবে তোমাদেরই বা কি হইবে? তাই বলিতেছি বে, এখন যেমুন আমার
স্বাক্ষরে দকল কার্য্য সমাধা হয়, দেইরপ আমার অবর্ত্তমানে
তোমার দ্বারাই দেই দকল সম্পাদিত হইবে; অর্থাং বিষয় একই
রহিল, কিন্তু এখন হইতে তোমাকেই দকল প্র্যাবেক্ষণ ক্রিতে
ছইবে।"

মনের আনিশে নীরদ বলিয়া উঠিলেন, "তা বেশ ত, আপনার বাহা ইচ্ছা তাহাই করুন্। ইহাতে আর আমার অমত কি ? তবে অত্ন এথানে নাই, তাহার মভামত কিছুই জানিতে পারা গেল না; যদি সে কোনরপ অমত করে!"

প্রবাধবার কহিলেন, "অতুল আমাদের সর্ব কনিষ্ঠ। বিশেষ সে তোমাকে একান্ত ভক্তি করে। সে যে আমাদের কথার বিকক্তি করিবে, তাহা সম্ভবে না। তবে এসকল বিষয় জ্বানাইয়া তাহাকে একথানি পত্রশিলেথ।"

নীরদ বলিলেন, "বে আজ্ঞা।—আমার হাতে একটী মুন্ধু । বোগী আছে; একবার সেইখানে যাইতে হইবে। এখন তবে আসি। আবার বৈকালে আপনার সহিত সাক্ষাৎ করিব।"

এই বলিয়া নীরদবাবু বীরে ধীরে আপেন কক্ষে প্রমন করিলেন।
সংসারক্ষেত্রে নীরদচন্দ্র তাঁহার উদ্দেশ্যসাধনের জন্ম একটা
উপযুক্ত সহার পাইয়াছিলেন। বে মন্ত্রে নীরদচন্দ্র দীক্ষিত,
সেই মন্ত্র মোহিনীরও জপমালা। মিত্র-সংসারে তিনিই একমাত্রে
গৃহিণী হইবেন, আর সকলে তাঁহার প্রমনত ইইয়া থাকিবে, এই
উক্ত আশা রমণীধ্রেরে স্মতনে রোগিতে ও রক্ষিত হইয়াছিল।
এই উদ্দেশ্য সকলে করিবার জন্ম, এই পথ পরিকার করিবার জন্ম
মোহিনা নাগারে এমন কর্য্যে এ জগতে সতি বিরন।

বড়বাবুর সঙ্গে মেজবাবুর কি কথাবার্ত্ত। হয়, ইহা শুনিবার জন্ত মোহিনী উৎস্থকা হইয়া স্থামীর স্থাসনন প্রতীকা করিতেছিলেন। স্থামী স্থাসিবামাত্র তাঁহাকে জিল্জানা করিলেন, 'হাগা! বট্ঠাকুর কি বল্লেন, '' সহধ্যিলীর মূখে প্র প্রশ্ন শুনিয়া নীরদবাব্ বলিলেন, 'মেজ বউ! এতদিন স্থামি জ্ঞানিতাম না যে, বিষয়টা স্থামাদের পৈতৃক। স্থামার ধারণা ছিল যে, উহা দাদার নিজের; কিন্তু আজ দাদা নিজমুখে বলিলেন যে, বিষয়টা স্থামাদের সকলেরই। দাদার ইচ্ছা, আফ্রিই বিষয়কর্ম দেখি। প্রথমতঃ স্থামি তাতে মৌখিক আপত্তি ক্রির, কিন্তু দাদার পীড়াপীভিতে প্রেয় রাজি ইইয়াছি। দেখা যাক, ক্রমশঃ যদি সমন্ত বিষয়টাই হত্তগত হয়—কি বল মেজবউ ?'

"ভাত ঠিক কথা। তুমিই দেখ্বে বই কি। এক ভাই চির-কাল দেখ বে নাকি? তোমারও ত সব জানাগুনা দরকার। হাঁগা। তা কত টাকার বিষয় হবে?"

প্নবায় নারদবাব্ পত্নীর প্রশ্নের উত্তর দিতে আরম্ভ করিলেন।
এইরপেই তাঁহাদিগের কথোপকথন চলিতে লাগিল। নীরদ বালিলেন, 'তা মন্দ নয়, প্রায় লক্ষ টাকা। দেখ এই ত বিষয়, তা আবার যদি তিন ভাগ হয়, তাহা হইলে এক এক অংশে কতই বা হবে। দাদার ছেলে মেয়ে কেউ নাই, একমাত্র যড় বউ,—তা থাক, ও মেয়ে মায়য়, অত শত ব্রুতে পার্বে না; স্থতরাং দাদার বিষয়টী আগে হস্তগত করা যাক তার পর অত্ল।—সে ত ছেলে মায়য়। তাতে আবার সে আমারই এক।য় বশীভূত; ডাক্তারী করে আর কতই বা আং হবে? বিষয়ের লোভ বড় ভাল নয়। দেখি কত দ্র কি হয়।" বিশ্বত হইয়া নীরদ জিজ্ঞাসা করিলেন, "কি কথা १—বলেই ফেল না. শুনা যাক।"

"বলি কি, আমার ভাই নদের চাঁদের এখন কোন কাজ কর্মনাই। আহা! তা'রা খেতে পার না। কিন্তু নদের চাঁদ খুব চালাক, তাত তুমি জান। তুমি তাকে যা বল্বে, সে তাই কর্তে পার্বে। সে তোমার অনেক কার্যো সহায় হতে পার্বে। তাই বলি, যদি তার একটা কোন উপায় কর্তে পার, বড়ই ভাল হয়।—আমার বাপের বাড়ীর নামটাও বজায় থাকে। কি বল মেজবার ?"

প্রিরতমার অনুরোধ অগ্রাহ্য করিতে না পারিয়া নীরদবার বলিলেন, "আচ্ছা, তাকে আমার সহিত একবার দেখা কর্তে বলিও। দেখি, যদি কোনরূপ স্থাবিধা কর্তে পারি।"

এইরপ কথোপকথনে বেলা পাঁচটা বাজিল। স্থাের উত্তাপ জেমে হাস হইরা আসিতে লাঁগিল। নিজ্মা লােক সকল নিজাদেবীর ক্রোড়ে যথেছে বিরাম লাভ করিয়া, হস্তপদাদি প্রকালন পূর্প্রক সদ্যাসমীরণ সেবন করিবার জন্ম সাঠের দিকে অগ্রসর হইছে লাগিল। বালকেরা বিদ্যালয়ের ছুটীর পর গৃহে একবার দেখা দিয়াই আপন আপন সঙ্গীদিগকে লইয়া খেলাকরিবার ওচেই। করিতে লাগিল। রাথালগণ গোধন লইয়া শুভিমনুর গান করিতে করিতে লাগিল। রাথালগণ গোধন লইয়া শুভিমনুর গান করিতে করিতে লাগিল। বাংশান বংশান করিতে লাগিল। পেয়রাজি হয়া রবে আপন অপেন বংশাণ সমভিব্যাহারে গৃহে কিরিতে লাগিল। কোগেও বা কোন খ্যামাস্করী গোপবালা আললায়িত কেশে গোলেভিন করিতেছিল, নিকটে বংশটী দণ্ডাম্মান থাকাতে গাভী এক একবার সাদরে ভাহার গাত্র লেখন করিতেছে। আর এক একবার পোপকভার আল্লায়িত কেশারাশির প্রতি

এ কদৃষ্টে চাহিয়া রহিয়াছে। আকাশে তু-একটা নক্ষত্রমালা উঁকি মারিতেছিল। এইরূপ সময়ে নীর্দ্বার পুনরায় জ্যেষ্ঠলাতার সহিত সাকাৎ করিবার মানসে বৈঠকখানায় উপনীত হইলেন।

প্রবাধবাবুর সম্প্রতি কোন কার্যানা থাকাতে তিনিও আহারাদির পর বিপ্রাম করিবার জন্ম কাল নিজিত হইয়ছিলেন।
বেলা অবদান দর্শনে তিনিও নিজ্ঞাপরিত্যাগ পূর্কক সায়ংকালীন
কার্যাকলাপ পর্যাবেক্ষণ করিতেছিলের। এমন সময়ে নীরদ আদিয়া
উপস্থিত হইলেন। নীরদকে দেরিয়া তিনি বলিলেন, "দেথ
নীরদ! তবে তাহাই ঠিক হইল। বিষয় এখন হইতে তোমার
নামে রহিল। আমি বাহা যাহা করিতাম, আগামী কলা হইতে
তোমাকেই দেই দমস্ত করিতে ইইবে। আর একটা কথা এই
বে, আমি আমার লাইফ ইন্সিওর (Life Insure) করিয়াছি।—সে আজ প্রায় সাত বংশরের কথা। কিন্তু আমি যে
বিদেশ ঘাইতে মনস্থ করিয়াছি, সে কথা তাহারা জানে না।
তাহাদের না জানাইয়া আমি এখন কোথাও যাইতে পারি না।
তাই বলিতেছিলাম, একবার সেইখানে একথানা চিঠা লিখিতে
হইবে।"

নীরদ বাবু তৎক্ষণাৎ জিজ্ঞাসা করিলেন, "কত টাকার পাইফ ইনসিওর করিয়াছেন ?"

"ষাইট হাজার টাকার। আমার পশ্চিম ঘাত্রায় তারা আপত্তি না করিলেই বাচি।"

এই কথা শুনিয়া নীরদ বলিলেন, "সে বিষয়ে বোধ হয় কোন চিন্তা নাই। আমি অভিই সেই আফিসে এবখানি দরখান্ত করিব। এখন রাজিও হইয়াছে আহারাছিও প্রস্তত। আপনি কি আহার করিতে আসিবেন ?" "তোমরা বদগে, আমি যান্তি। কিন্তু দেখ যেন চিঠাখানি বিধিতে ভূলিও না।"

"আজ্ঞা না।--সে কি কথা ? আপনার কাজ ভূলিব?"

এই বলিয়া নীয়দবাব্ আপন মনে ভাবিতে ভাবিতে অন্ধরে প্রবেশ করিলেন। পথে পুত্র স্বেশচন্দ্রের সহিত সাক্ষাৎ হইবা। সে পাঠশালার স্থ-একটী সঙ্গীকে লইয়া ক্রীড়া করিতেছিল। পিতাকে দেখিয়া তৎক্ষণাৎ তাঁহার নিকট আসিল। নীয়দবাব্ স্বরেশকে ছিজ্ঞাসা করিয়া জানিতে পারিলেন, যে, তাঁহার সহধর্মিনা সকলের আহারাদির উদ্যোগ করিতেছেন। স্বভরাৎ তথন আর কোন কথা হইল না।

আহারাদি সমাপনাস্তে মোহিনী নিজ গৃহে আগমন করিলে
নীরস্বাবু বলিলেন, "তাইত সেজবউ! দাস এইদিন লাইফ ইনসিওর করে রেখেছেন, তারও ত কিছুই জানিতাম না।
টাকা ত কম নর,—যাইট হাজার টাকা।"

মোহিনী চমকিত হইয়া বলিলেন, "সে আবার কি? তুমি ও সব ইংরাজী কথা ছেড়ে দিয়ে সহজ কথার বল। ষাইট হাজার টাকা কি হয়েছে ?"

নীরদ হাস্ত করিয়া বলিলেন, "আহা ! এ আর জান না দিদা কোন স্থানে মাসে কিছু কিছু টাকা জনা রাথেন। যথন উনি মরে যাবেন, তথন একেবারে যাইট হাজার টাকা ৰড় বউ পাবে।"

মোহিনী অধিকতর বিশ্বিত হইনা জিজাসা করিলেন, "অত টাকা দিদি কি কর্বে। ছেলে নাই, মেলে নাই অত টাকার ওর কি 'বকরে।"

नीवन विवासन, "काल वर्षेट्रे। जाई वाल महाम कि ये छै। नी

বড় বউ আমাদিগকে দিবেন। যা হোক, ও টাকা কোন রক্ষে হস্তগত করতেই হবে। কিন্তু দাদা জীবিত থাক্তে ত হবে না। তাই ভাবছি, কি করি ?"

"তোমার বাবু সকল বিষয়েই ভাষনা। অত বড় ডাক্তার মানুষ, —গ্রামণ্ডদ্ধ লোকের নিকট তোমার যশ হুখাতি, আর তুমি কি না সকল কাজেই ভাব।"

মৃত্হান্ত করিয়া নীরদবাৰু বলিলেন, "ভাবতে হয় না, বল কি ? টাকার কথা,—বে সে কথা নয়। ভনেছ ড, দাদা পশ্চিম যাচ্ছেন। সেই জন্ম বিষয় এখন সমস্কি আমার হাতে বহিল।"

"নেত ভালই হলো। ও টাকার স্বাবার ভাপ কি ? ঐ ত টাকা, ওকে স্বাবার ভাগ কর্লে থাক্বে কি ?"

একটু যেন উত্তেজিত ছইয়া নীরদবাবু বলিয়া উঠিলেন, "দে কি আর ত্মি বল্বে, তবে বুঝ্বো? আমি তা অনেকদিন বুঝিয়াছি! তবে দাদার ভাবনা বড়ই ভাবনা। তা বলে কি অত টাকার লোভ ত্যাগ করা যায়, দেখা যাক্ কভদুর রতকার্য্য হ'তে পারি। তবে এই সময়ে বড় বউ 'যদি কোথাও যায় তা হলে সোণায় দোহাগা হয়। ভাল, নেজবউ! তোমার ভাইকে যে আদ্তেৰলেছিলাম, তার কি হলো।—শীঘ্রই আমার সহিত সাক্ষাং করিতে সংবাদ পাঠাও।"

সপ্তম পরিচেছদ।

স্থার সংসার।

"Of all the Blessings in the earth the best is a good wife"

দিলী সহর এখন ভাবতে ইংরাজ্যাজ্ব যেমন কলিকাতা প্রধানা রাজধানী, সেইরূপ মুসলমানদিণের অধিকারকালে দিলীই সর্প্রধানা নগরী ছিল। এইস্থানে আকবর সাহ, জাহাঙ্গীর, সাহাজ্যান প্রভৃতি থাতনামা সম্রাট্পণ মহাস্থর রাজ্য করেন। তাঁহার স্থা পির্ক্রিলাও পতির সমভিবাহারে জতুলবাবু কর্ম করেন। তাঁহার স্থা পির্ক্রিলাও পতির সমভিবাহারে ছিলেন। অতুলবাবুর বেতন ছই শত টাকা। তিনি মাদিক এক শত টাকা তাঁহার মাতার নিকট প্রেরণ করেন, অবশিষ্ট এক শত টাকার ছারা নিজের বায়ভূবণ নির্বাহিত হয়। তাঁহাকে দেখিতে গৌরবর্ণ, বয়্ম প্রায় বিশ বংসুর হুইবে। তাঁহার মুখ্রী পরম স্কদৃশ্য।

প্রির্মানা পূর্বযৌবনা। দেখিতে গ্রামবর্গ, বয়স প্রায় অন্তাদশ বংসর। দেবদেব মহাদেব ক্ষেত্র যে শ্যামলু মোহিনীমূর্তি দর্শন কবিয়া ক্ষিপ্তপ্রায় হইয়াছিলেন, যে শ্যামলবর্গ রফাঃ জন্ম অর্জুন লক্ষাভেদ করিয়া পরিশেষে কৌরব ও অপ্রাপর রাজ্যুলর্গের সাহিত ভূমূল যুদ্ধ করিয়াছিলেন, এ০সেই প্রকার শ্যামবর্গ। আকর্ববিপ্রান্ত নয়নমুগল যেন নীলোৎপলকে উপহাস করিতেছে।

তহুপরি ঈষৎ বস্কিম জাগুলল, দর্শনে ঝোধ হয় যেন, মন্মথ পূস্পাধন্থতে ফুলশর যোজনা করিয়াছেন। আগুলুক বিস্তৃত কেশ-রাশি মহণ, চিকুন ও ঘোর ক্লাকরণ। প্রাকৃত কথা বলিতে গেলে, যদিও প্রিফ্রনারা গৌরবর্ণা নহেন, তথাপিও তিনি যে সর্বাঙ্গস্থানী, তাহাতে জার জানুমাত্র সন্দেহ নাই।

প্রিমনাল রূপ যেনন, গুল ও তাহার স্থায়র । যে যে গুল্
থাকিলে নারিজাতিকে গুলবতী বলা যার, প্রিমনালা সেই সেই সমস্ত
গুণেই বিভ্বিতা ছিলেন। সামী পরম দেবতা এবং সামির
বাকাই বেদবাকা বলিয়া ছাঁহার দৃঢ় বিশ্বাস ছিল। কথন কোন
কারণেও তিনি সামীকে কোনরূপ কন্ত দিতেন না। পতির কিসে
স্থ হইবে, কিসে পতি স্থানীরে থাকিবেন, কিসে তাঁহার
মনঃকন্ত নিবারিত হইবে, এই সকল বিষয়েই প্রিমনালার চিত্ত
একান্ত আশক্ত। অতুলবাবু তাদুনী গুণবতী ভার্যা পাইয়া ইহ
জগতেই স্বর্গহ্য অনুভব করিতেন। তাঁহার একমাত্র প্রত্র
সভীন, বয়ক্রম পাঁচ বংসর মাত্র। পিতামাতার গুণে যে, পুত্রও
পরিনামে সর্প্রণে গুণবান্-ছইবে, তাহার আভাস পাওয়া যায়।

প্রিয়বালা যে কেবল সামীভক্তি জানিতেন এমন নছে। গুরু-গণের মান রক্ষা করিয়া তিনি সকল দিক বজায় রাখিতে পারি-তেন। তাঁহার বিবাহের পুর্নেরই অতুল বাব্র পিতার স্বর্গারোহন হয়, স্বতরাং প্রিয়বালা তাঁহার শুভরমহাশয়কে দেখিতে পান নাই, শাভড়ীকে মথেষ্ট ভক্তি ও সমাদর করিতেন। তাঁহার শাভ্ডী র্থন মধ্যে মধ্যে দিল্লীতে জানিয়া বাদ করিতেন, তথন প্রেয়বালা সকল কর্ম পরিতাগে করিয়া অগ্রে শাভড়ীর সেবাভজার য় নিয়ুক্ত হইতেন, এবং যাহাতে গোঁহার কোনরপ অভাব বা ফোট লাহয়, সেইদিকে বিশেষ লক্ষ্য রাখিতেন। দিল্লীর যে স্থানে, তাঁহাদের বাস, সেখানে আর কোন বাসালী বাস করিতেন না, কেবল কতকগুলি উত্তরপশ্চিমাঞ্চলের হিন্দু সেই স্থানে থাকিতেন। তাঁহারাও যথেপ্ত সমৃদ্ধিশালী। স্থতরাং তাঁহাদের সহিত অতুশ্বাব্র বিশেষ প্রাণ্য জনিয়াছিল। ভাঁহাদের অন্তঃপুর মহিলাদিগের সহিত প্রির্থালারও সভাব ছিল।

একদা অতুলবাবু কর্মস্থান হইতে বাট্টু আসিয়া কিঞ্ছিৎ বিশ্রাম করিবার পর স্থীয় পত্নীকে বলিলেন, "প্রিয়বালা! আজ মেজদাদার পত্র পাইয়াছি। বোধ হয়, আমাদের কিছুদিনের জল্ল চম্পাপুরে যাইতে হইবে। বড়দাদা কার্যা হইতে অবসর গ্রহণ করিয়াছেন। মা ও বড় বৌকে লইয়া তিনি শীঘ্রই পশ্চিম আসিবেন। বিষয়াদির কিরপ বাবস্থা হইল, দাশাই বা ইতিমধ্যে কৈন পেন্সন্গ্রহণ করিলেন, এসব সবিশেষ জানিবার জল্ল একবার সেণানে যাওয়া নিতান্ত আবশ্রক। প্রাতেই পত্র পাইয়াছিলাম। আমিও আজ এক মাসের ছুনী লইয়াছি। অত্রব আর কালবিলম্ব না করিয়া কলাই স্বদেশ যাতার বাসনা করিয়াছি। কেমন, ভূমি কি বল?"

প্রিক্র। আনি আর কি বলিব ? তোমার ইন্ডাতেই আমার ইক্সা, তাও কি তুমি জান না ? আক্রা, তবে আমাদের এ বাটাতে কে থাক্বে ?

অতুল। কেন বাটীতে চাবী দিয়া আমুরা মকলেই যাইন। প্রাড়ার স্কলকে বলিয়া যাইব, তারা এক একবার আমাদের বাটীর তত্ত্বিধান করিবে।

শির্কী । তা হলেই বেশ হবে। আমি ভাবিতেছিলান, ব্নিশ আমাদের ঝিকে এখনে রাখিয়া ঘাইব। অভুল। তাও কি হর? তাহা হইলে আমাদের সতীশের বড় কট্ট হইবে।

প্রির। তাই বলিতেছিলাম।—কেননা, সতীশ শ্রামা না হইলে একদণ্ডও থাকিতে পারে না। শ্রামা না পেলে তার বড় কট হবে। হাঁগা, তা পাড়ার সকলে এক একবার আমাদিগের বাটী দেখিতে রাজী হবে কি ?

অতুল। তাহবে বই কি। ইহারা সকলেই অতি সজ্জন। বিশেষ, আমি এখানে এক ক্রুত বাঙ্গালী আছি বলিয়া উহারা আমায় যথেষ্ট মান্ত করে। কেন, ক্রোমার সহিত ওদের মেয়েদের ও আলাপ আছে ত?

প্রির। তা আছে বই কি। এখন ত তাহারা বেশ। কিন্তু আমরা এখান হইতে চলিরা গেলে কি আর দেরপ দেখিনে ?

· অতুল। সে সকল আমি ঠিক করিব। আর যদি তেমন তেমন দেখি, তাহা হইলে না হয় ছুইজন ধারবান্ রাথিয়া যাইব।

প্রিয়। সেই কথাই ভাল। তুমি বেমন ভাল ব্ঝিতে পারিবে, আমি কি তেমন পারিব ?

এইরপ কথোপকথন হইতেছে, ইত্যবসরে সতীশচল কতকগুলি ক্রীড়নক লইয়া ধীরে ধীরে সেই গৃহে প্রবেশ করিল।
পিতামাতা উভয়কেই নীরব দেখিয়া একেবারে মাতার ক্রোড়ে
উপবেশন করিয়া আধ আদ স্বরে কত কি কথা বলিতে লাগিল।
অতুল বাবু কিয়ংক্ষণ কোন কথা বলিলেন না, অবশেষে সতীশকে
উদ্দেশ করিয়া বলিলেন, "সতীশ বাবু! আমরা যে কাল দেশে
থাইব, তুমি আমাদের সহিত যাইবে কি?" সতীশ বাবু গত কথা
বুঝেন না, তাহার মাতাই ভাহার হইয়া উত্তর করিলেন, "ওকে
না লইয়া গেলে ত আমি যাইব না। আমি না গেলে আর একটী

লোকেরও বাওয়া হইবে না, অতএব সতীশ যাইবে। কেমন সতীশ ?' তথন সতীশ কেবল মাত্র "হুঁ" এই উত্তর দিয়া পিতা-মাতার আনন্দ বৃদ্ধি করিল, কিন্তু দে তাঁহাদের কথার বিন্দ্বিসর্গও বৃ্ত্বিতে পারিয়াছে কি না সে বিষয়ে সন্দেহ। অদ্বে রেকাবিতে থাদ্য এবের উপর তথন ভাহার বিশেষ মনঃসংযোগ ছিল।

যাহা হউক স্বদেশ থাতা স্থির হইলে অতুল বাবু ও প্রিরবালা অপরাপর লাসলাসীপণের সাহাযো আবগুকীয় সামগ্রী সকল সংগ্রহ করিবা একে একে যথাযথরপে সজ্জিত করিলেন। এই সমস্ত কার্যা শেষ করিতে তাহাদের আর সে রাত্রি নিজা হইল না। পর দিবদ অতি প্রভূষেই তাঁহারা ষ্টেশনে আসিয়া উপস্থিত হইলেন।

অষ্টম পরিচ্ছেদ।

नाम है कि व

পূর্দোক্ত ঘটনার পর্ঞায় তিন মাস অতীত। অতুল বাবু পুত্র কলত সমভিব্যাহারে চম্পাপুরেই রহিয়াছেন। কিন্তু প্রবোধ বাব এখনও পশ্চিম ঘাইবার স্থবিধা করিতে পারিতেছেন না। তিনি একজন কর্মক্ষম লোক ছিলেন। স্থতরাং তাঁহাকে অকিসের কার্যা বাতীত অভান্য অনেক কার্যা দেখিতে হইত। দে সকল কার্যা একেবারে শেষ না করিয়া তিনি কোনরপেই যাইতে স্বীকৃত নহেন। এতদাতীত তিনি বে স্থানে তাঁহার জীবন বিমা করিয়াছিলেন, দেখান হইতে অদ্যাপি কোন চিঠী পত্ত উপস্থিত হয় নাই। এই সকলই তাঁহার পশ্চিম বাতার বিলম্বের প্রধানতম করেণ। কিন্তু তাঁহাবের পশ্চিম যাত্রা প্রায় এক প্রকার স্থির হইয়া গিয়াছে। সেই জন্ম প্রবোধ বাবুর স্ত্রী একবার পিতালয়ে যাইবার জন্ত পতিকে অনুরোধ করিলেন। প্রবোধ বাব্ও হাস্তমুপে ভার্যাকে পিতালয়ে পাঠাইয়া আপনার কার্য্যকলাপ তৎপর হইয় সমাধা করিতে লাগিলেন। তাঁহার মাতাঠাকুরাণী मर्था गर्था छ।हारक छ दिखिक करत्रन । व्यर्ताथ वातू छाँहारक সাজুনা বাক্যে বলেন, 'মা। আমাদের যাইবার সমস্তই শ্বির হই-য়াছে, সে বিষয়ে আপনার কোন চিন্তা নাই। এবার আমরা निम्हबृहे याहेव।" এই नकल कथा छनिया ठाँहात माठात आत

কোন দলেহ রহিল না। তাঁহার দৃঢ় বিশ্বাদ জনিল যে, এবার নিশ্বরই তীর্থযাতা ভাগ্যে শটিয়াছে।

অতুলবার একমাদের অবকাশ নইরা আদিরাছিলেন, কিন্ত জ্যেষ্ঠের অহুরোধে তাঁহাকে আরও কিয়দিনের জন্য অবকাশ লইতে হইরাছে। অতুলকে সমভিব্যাহারে করিরা ভীর্থবারার বহির্গত হওয়াই প্রব্যেধ বারুর একান্ত বাদনা।

মোহিনী নুদেরটাদকে আদিবার জন্য জনেক জনুরোধ করিয়া পাঠাইয়াছিলেন. কিন্তু বাটীতে জনুপছিত থাকা নিবন্ধন, সে সংবাদ পার নাই। সংপ্রতি পুনরাগমন করাতে তাহার জননী তাহাকে একবার নীরদ বাবুর বাটীতে যাইতে কহিলেন। নদেরটাদ জনক জননীর আদেরের ধন, পিতার জীবদ্দশায় সে যাহা ইচ্ছা ভাহাই করিত, পিতার মরণাত্তেও তাহার সে বভাবের করথ। হয় নাই।

নদের চঁ দ দেখিতে বিশক্ষণ হাই পুই;—দেছ সুল, বর্ণ রক্ষ, মন্তকের কেশরাশি রুফবর্গ বটে, কিন্ত পাতলা পাতলা; নাদিকা নাই বলিলেও অত্যুক্তি হয় না, হন্ত আজাত্তলম্বিত ব্যাস অনুমানে গ্রিশ। অপরের চক্ষে ধ্যরপ বোধ হন্তক না কেন, নদের চাঁদ স্বয়ং আশানাকে প্রম স্থানর পুরুষ বলিয়া হুলনে করে;—রূপের গরিমা তাহার অন্তরে দ্লাই বির্মোন। যাহা হন্তক, জননার অনুরোধে নদের চাঁদ আভ্যানি ব্যুর বারীতে উপস্থিত ইইলে মোহিনীর আনক্ষের পরিদীনা রহিল না। তিনি পরম আদ্রে ভাতাকে স্ক্ষনা করিয়া কহিলেন ভিটে! তুলি এতদিন কোথার হিলে?

বিশেষ একটা কাছের জন্য তোমার ভগিনীপতি অনেক্দিন ইংডে তোমার অন্ধুসন্ধান করিতেন্ত্র।"

"এত দিন কাজের চেষ্টায় ছিলাম। এখন প্রশা না ক্টলে সংস্থার চলা ভার। আমাদের কি আরি নে দিন আছে ?"

ভাতার নির্কেশবাক্য ভানিরা বেন কিঞ্চিৎ বাথিতচিত্তে নাহিনী বলিয়া উঠিলেন, "দে কাজ করিছে পারিলে পার তোমার কোন চিস্তাই থাকিবে না। কেমন করিছে প্রিবে ত ?"

উত্তেজিতভাবে নদেরটাল বলিয়া উঠিল, 'নিকি ! বল কি ?
কংগ করিতে পারিব না, ভবে তোমার ভাই হইয়ছি 'কেন ?
কংগ বড় বড় লোকের কত কহা মহা কাজ শেষ করিয়া নিয়ছি,
কার তুমি দিলি, ভোমার একটা কাজ পারিব না, এই কি
ভোমার ধারণা ?'

জকুট্ধবনিতে গীরে ছীরে মোহিনী বলিলেন, 'ভিটে । চুপ্ কর, মৃত্পরে দব কথা বল। আজি কালি এ বড়ীর যে ভাব ছইয়াছে, কে কোণা হইতে কাণ পাতিয়া শুনিবে।'

িলিলি! ভূমি এত ভর করোনা। বোকে বলে নদের-চিলে কান কাজের নয়, কিছে নদেরচাদে যে মনের মত কাজা বাম না বলিয়া কাজ করে না, তাহা কেছ বৃথিতে পারে না। বা হউক, দিলি! ভূমি নীবদ বাবুকে বলিও ম, জামি বিলক্ষ্য কাজেব লোক।"

শুখী হইয়। হুদিতে হাদিতে মোহিনী বলিলেন, 'কেই ২৯ট ও আমি তোমাকে ডাকিয়াছি;—তুমি কান্দের লোক, জা আমি জানি। যাহা হউক, ভোমার কোন চিন্তা নাই, গতক্ষৰ আমি জাছি, তওকৰ, ভোমার কিদের ভাবনা। এই দেখ না, এই ৰাড়ীতেই তোমার একটা স্থবিধা ক্রিয়া দিতেছি।"

দীর্থনিশাস ত্যাস করিয়া নদেরচাঁদ বলিল, "দেখ, তোমার ইচ্ছা। দিদি আমি ত আর ভোমাকে পর ভাবি না, তুমি যা ভাল বুর বে, তাহাই কোরবে।"

এইরপ কথোপকথন ছইডেছে, দহদা নীরদ বাবু আদিছা উপস্থিত। নলেরটাদকে দেখিয়াই তিনি হাদিতে, হাদিতে জিজ্ঞাদা করিলেন, "কি হে নদেরটাদ! ভাল আছ ত । একুদিন কোথার ছিলে। তোমার যে দেখা পাওয়া ভার; ব্যাপারখানা কি ।"

আম্তা আম্তা করিয়া মন্তক কণ্ডুরন করিতে করিতে নদের চাঁদ বিশিল, "আজে হাঁ, এক রকম ভালই আছি। কোন কার্য্যোপলকে স্থানাস্তরে যাওয়াতেই যথাসময়ে আপনার জীচরণ দর্শনে বঞ্চি ছিলাম। এখন জিজ্ঞাসা করি, আপনি আমংকে আসিতে বলিয়াছিলেন কেন ৪"

"কোন বিশেষ প্রয়োজন আছে।—বিলি, একটু স্থির হও. উত্তলা হইও না, উতলার কাজ নয়।—ভাই ত, নদেরটাল । ভোমার বয়দ কাঁচা,—পারিবে ত ?"

পতির মুখের কথা শেব হইতে না হইতেই জমনি মোহিনী বলিরা উঠিলেন, ''ই। গো ইা, নদেরটাদ নিশ্চব পার্বে। জামি ওকে বেণ জানি, আমরা এক মায়ের পেটের সম্ভান, আমাকে দেখে তুমি ইহার স্বভাব জান্তে পার্লে নি', ভবে তুমি আবার পুরুষ কিদের ? এই বৃদ্ধিটুক্ও ঘটেনাই।''

मक्र शामा शामिश भीति भीति नीत्रण वांतू विनित्तन, "नामद-

চাদ যদি পারে, সে ত ভাল কথা। আপনার লোক, ছই পরসা পার আর বেশী গোলযোগ্য হর না।"

উত্তেজিত ভাবে মোহিনী আবার করির। উঠিলেন, "পার্বে, পার্বে,—নিশ্চর পার্বে। বোক দেখে চিন্তে পার না ? কি কাঞ্চবল, না পারে আমি বুরুরো।"

আর কোন দ্বিক্তি না করিয়া নীরদ বাবু তৎকাং নদের-চাদকে ভতি সরিধানে ভাকিরা তাহার কানে কানে ভতি গুপ্তভাবে কতকওলি প্রক্রমা বুলিরা পুনরার ধীরে ধীরে সূত্র্যরে কহিলেন, "নদেকটাল। দেশিও, স্বেধান, যেন ব্রোন প্রকারে প্রকাশ না হয়।"

নদেঃটাদ উত্তর দিকে না দিতে মেহিনী অঞ্জেই ব্রিয়া উঠিলেন, "তুমি কি বল গা! নে কথা কি মাহুবে প্রকাশ করে! তাতে আবার কদেরটাদ অমার ভাই।"

তথন ধীরে ধীরে বাদেরটাক নীরক বাবুর কিকে চাহিয়া কহিল, "আভের, আমাকে কিছু বিখাতে হবে না। আমি সব ব্রিয়াছি। এছু সামাল কাল, ইহাতে আবার ভয় কি! আমি ইহা অপেকা কভ বড় বড় কাল হাসিল করিয়াছি। ভবে—হা,—সাবধান হওরা চাই বৈ কি।"

সুখী হইয়া নীরদ বাবু বলিলেন, "পারিলেই ভাল। ইহাতে ভোমার লাভ ভিন্ন কতি নাই। এখন ও সব কথার আর আবশুক নাই, সকলই দ্বির রহিল, যাহা হাহা করিতে হইবে পান্চাৎ বলিয়া দিব। আর একটা কথা,—ভোমার বোধ হয় কিছু অগ্রিণ টাকা আবশুক হইতে পারে।—কেমন, চাই ভ ই আমি লানি ভূমি ছেলে ভাল, ভোমা হারাই আমার সমস্ত কাজ শেহ হইবে। তা—কত টাকা'এখন ভোমার আবশুক বলত ?"

"আজে, কিছু না।"—মূহ মূহ বাকো নদেরটাল বলিল, "আজে, কিছু না। আমার এখন টাকার প্রয়োজন নাই। ভবে যদি দ্বেন, পৃঞ্চাশটী স্কুইলেই চলে;—আমি অন্য যাই, পুনরার কলা আসিব।"

ব্যস্তভাবে মোহিনী বলিয়া উঠিল, "না না, জাজি আর বার না, কলা ঘাইৰে।"

নীয়ণও মোহিনী বাইজে নিবেধ করিয়া কার্য্যস্থলে বহি-কার্টিতে প্রস্থান করিলে নদেরটাদ ভগ্নীকে বিরলে জিজালা করিল, "আছো দিদি! এ কাঞ্চকরার কারণ কি?"

'পে কথা ভোমার এখন ওনিরা কাজ নাই, পরে জানিতে পরিবে।"

প্রত্যেত্র ভ্রিরা নদেরটাদ পুনরায় বলিল, "আছে। দিদি, আমার প্রতিষ্দি ক্ষেত্র দেশত করে গ"

"দে ভাবনা তোমার নাই। কাজ ত সমাধা হউক, ভাষার পর কোনরূপ গোল হয়, ভোমার ভগিপতি আছেন। তোমার কোন চিন্তা বা ভয় নাই। এত ভর করিলে কি কাজ হয় গ'

এই কথা ভনিয়া নদেরটাদ আবার বলিল, ''দিদি! এ পৰ কাজে বড় ভল্ল হয়। দেই জান ভ,—একটা দামানা কাজ করিয়া কি পর্যান্ত বিপদে না পড়িয়াছিলাম। দে কি কম নাকাল! ভাই বলি, দিদি পরামর্শ দকলেই দিতে পারে; কিন্ত শেষ রক্ষা বড় গোল।"

কিকিৎ চমকিত হইয়া তাচ্ছলাভাবে মোহিনী বলিও উঠিলেন, "ওঃ! ছুনি বুঝি দেই কথা বলিতেছ ?—দেই—
বখন গিল্টির গহনা বন্ধক দিছে যাও ? কেন ?—দে সব ভা
নিটিরা গিরাছে ?"

'হাঁ দিদি ! তোমার জালীর্নাদে বিটিয়া গিরাছে বটে, কিন্তু কত হাতে পারে ধরিরা বে মীখাংশা করি, তাই। ভাবিরা দেও। নচেৎ কি নিভার ছিল ? এতদিন হয় ত ইই তিন বৎসরের জন্য জেলে যাইতে হইত।'

হঠাৎ নদেরটাদের কথায় বাধা দিয়া মোছিনী বশিষা উঠি-লেন, ''চুপ কর ভাই চুপ বার। এদিকে বুঝি কে আসিভেছে। জানি একবার দেখি।"

"তবে দিদি আমিও এক বার বহির্মানীতে যাই। অনেক কণ তথানে আছি, আমার হাই উটিতেছে।" এই বনিয়া নদের-চাদ বাহির্মানীতে প্রস্থান করিব। দেখিতে দেখিতে মুরেশ আদিয়া উপস্থিত। মেটিনী তাহাকে আহারীয় প্রেদান করিয়া গ্রহকার্য্যে ব্যাপ্তা হইলেন।

তপাপি ক্ষান্তের পশ্চিমবারোর স্বন্ধাবন্ত ঘটিয়া উঠিল না।
প্রবোধ বাবর সহধর্ষিণী অল্যাপি পিতৃগৃহে অবস্থান করিতেছেন।
অতুল বাবু সপরিবারে তথায় নিয়া একবার সাক্ষাৎ করিয়া
শানিয়াছেন। অবকাশ প্রায় নিয়াশের হইয়া আদিল দেখিয়া
রতনি প্রবোধ বাবুর পরমের্শে পুনরায় অতিরিক্ত একমানের
ক্ষরকাশ প্রার্থনা করিয়া পাঠাইলেন, কিন্ত প্রভাতরে একপক্ষের মাত্র অবকাশ মঞ্জ হইয়া আদিল। প্রবোধ বাবু
তদ্শ্রবা প্রবিশেশা অবিকতর বাস্ত হইয়া যাবতীয় কর্মা
স্বন্ধাবন্ত করিছে প্রবৃত্ত হইলেন। নীরদ বাবুও নিশ্চিম্
নাই, কিনি স্বীয় ঔবধালয়ের ভার অন্তের প্রতি নাস্ত
করিয়া প্রবোধ বাবুর কার্যের সাহাযোর প্রস্তুত্তনে।

নীবৰ বাবুর পুতা অংরেশের সহিত জাহুল বাবুর পুত্র

मठीत्मत्र देखिपूर्ध्य चात्र कथन (मेथा माचार दश नाहे। छेदाता উভবেই नमनत्रक, सुक्तार प्रजायकर खेल्यात क्षणत अधिन। क्षितिम मार्था ए श्रामित्मत के करवेत मार्था अतुल त्रीशर्मा मनिशाष्ट्र (स. नर्सनारे विनेत मारात धकत महन जिल्ल ভিলেকের অন্ত স্থানাত্তরিত হয় না। একের অদর্শনে অন্তের জনতে কিছুতেই তৃপ্তি দকার হয় না। কেহ কোন আহা-রীর পাইলে উভরে সমভাগ করিয়া ভোজন করে। বলিতে িকি, তাহাদিগের এইরূপ অকুত্রিম প্রণয় দেখিয়া অতুল বাবুব · ७ जिमीय महर्थाचीय वानित्मत व्यवि त्रिंत ना । अ वानित्मत আরও একটা বিশেষ কারণ ছিল। একদিন অভুল বাব কথাপ্রদক্ষে তাঁই।র দহধর্মিণীর নিকট বনিয়াছিলেন যে, ক্ল্যুটের ेপ ভিম্যাত্রা আপাততঃ স্থাতিত থাকিলে, অধিকত্ত ইতিমধো निष्मत्र अवकान निः म्य इहेटन हिनि उनीय की अमनात्क **एम्पानु**दारे दाथिया याहेरवन । এरे कातल ভ्रमाय अन्य छ আননেদ উৎফুল হইরাছিল। একমার সভীশের অতাই ঠাইার বিশেষ চিস্তা; যদি সহীশের মন প্রকৃষ থাকে, তংহা ২ইলে . ৩৭ছানে কিছুদিন অবস্থান কৰা তাঁহাৰ পক্ষে তাদৃশ কইকর क्ट्रेंद ना ।

नवम श्रीतिदृष्ट्म ।

महिश्विकान।

"Mad World | Mad composition !"

Shakespeare.

भिशास्त्र (मिशास्त्र अञ्च क्रियाद्वा अवकारमञ्जा मिन निःरमर्वे हरेशा कानिन, उशानि अर्दुवार वावुत निरुप्याखात स्वत्मावन হটল না। প্রবোধ ও নীয়াদ উভয়ে বছবিধ চেষ্টা করিয়াও সকল কাজ স্থনিপার ক্রিয়া উঠিতে পারিলেন না। অগতা অতুল বাবু জ্যেষ্টের পরামর্শে পুনরার একমাস অবকাশ প্রাপ্তির ভত আবেদন প্রেরা করিলেন; কিন্তু আশালত। ফলবতী हरेल ना। जान প्रकृतिक जानिल (४, वशानगरंग्न कार्याकारन उपिश्च ना इहेल अफूनरक प्रमृत्व हहेर्ड हहेर्त । काम कारकरे थारवाध वांत् आत तथा अञ्चलक गृहर आवश्व ब्राव्सिड हेक्का ना कतिहा भगतन अञ्चयकि अनान कतिहासन। কতুলের জননী, ভূষণা ও সতীশকে বাইতে দিতে স্বীকৃত হইলেন ন।, অগতা অতুন চম্পাপুরেই পুরক্রত রাখিয়া কথকিং विवक्षमत्न, कार्याञ्चात्न याजा कतित्वन। शमत्नव शूर्त्व धक-বার প্রবোধবাবুর সহধর্ম্মিরীর সহিত সাক্ষাৎ করিতে গিয়া-ছিলেন। মলিনা অভুল বাব্কে:পুত্রের ন্যার ভালবাদিতেন। क्रांक केंद्रांत मश्रामानि कौदिक हिन मा, ठारुटिक रेगमदादिक

অতুলকে পুত্রের ন্যার লালন পালন করিয়া অ সিরাচেন, স্তরাং অভুলের এতিই উত্তরে সমধিক পুত্রস্থেত পূর্ণ মাত্রায় অভিয়ান্তিল্।

ইতিপুর্বেই প্রবেধ বাব্র অন্থণের কথা বলা হইয়াছে।
নীরদ একটা ঐবধের বাব্যা করিয়া দিয়াছেন, প্রভাহ দ্যান্
কলে ভাই। দেবন করি ভাই। প্রবেধ বাবু বহদিনাবধি
যথানির মে উবধ দেবন করিয়া, আদিতেছেন, কিন্তু কিছুমান
উপদার বা দায়িচিছে লকিছ হয় নাই। শারীরিক অসাস্থাই
তীর্বাজার বিল্লের একটা প্রধানতম কারণ। বাড়ীতেই
ঔনধানর, স্মতরাং প্রভাইই প্রেরোধ বাবুর জনা ঔষধ প্রস্তুত
ইইত এবং নীরদ স্বয়ং তাহা প্রবিক্ষণ করিয়া দিতেন।

অত্ন বাবু কর্ম হলে প্রস্থান করিবার পর একদা প্রবোধ বাবু সাজ্যস্থীরণ সেধনাতে নিত্ত কক্ষে উপবেশন করিয়া আছেন, ইতাবস্বে নক্রনামক জনৈক পরিচারক ঔর্ধিহত্তে সাজ্বে উপনীত হইলে তিনি জিল্লাসা করি:লন, 'কে ওপ নক্র ? ঔবধ কোধার' ?'

"আছের, — এই এনেছি" এই বলিরা ঔষধপাত্রী প্রবোধ বংবুর হত্তে প্রদান করিলে তিনি পুনরার জিজাদা করিলেন, "মেজ বাবু দেখিরা দিরাছেন ?".

শাজে, হাঁ" বলিয়া ভূত্য তথা হইতে প্রস্থান করিলে প্রবোধ বাবৃত্ত ঔষধ দেবন করিলেন। জনতিবিলম্বেই নীরদ ব বু তাঁহার নিকট উপস্থিত হইলেন। তথ্ন প্রবোধ বাবৃ ও নীরক উভয়ের ক্থোপক্থন চলিতে লাগিল। প্রবোধ বাবৃ জিজ্ঞাসা করিলেন, "নীরদ! কৈ, ইন্সিওরেন্স আপিসের পত্র ভূপাশ্যা গেলানা?" ''দাদা! স্থাপিদের কাল প্রায় ঠিক সমরে স্থাধ। ইয় না। তা—হুই একদিন বিলম্ম ইইলে আর হানি কি ? অতুল ত চলিয়া গিয়াছে। এখন আমার একটা জিল্লান্ত আছে। যদি অমার প্রতিই বিষয়ে ভর্ববধানের ভার দেন, ভাষা হইলে একটা লেখাপদা ক্রিলে ভাল হয় না? নাচেৎ আমার কথায় সকলের বিশ্বাস নাউইতে পারে।"

অমানবদনে তৎক্ষণাৎ প্রবোধ বাবু বলিলেন, "অবশ্র-অবশ্র লেগাপড়া চাই। ব্রয়ের তত্ত্বধান করিতে হইলে ভোমার যাহা যাহা প্রয়োধন, আও সমাধা করিয়া লও।"

"আমি একধানি ইয়ালৈ , লেখাপড়া করিয়াছি, স্লাপনি একবার দেহিবেন কি •ৃ'

মুহূর্ত্তমাত্র মৌনভাবে সাক্ষিক্তা প্রবোধ বাবু উত্তর করিলেন,

"বেশী কিছু লেখা কার, আপনি ইছে। করিলে এখনই কেথিতে পারেন। আমি অদ্য প্রিক্টেই লিখিয়া রাথিয়া-ছিলাম, আপনাকে দেখাইতে মারণ ছিল না।"

প্রবোধ বাবু তৎক্ষণীৎ বলিলেন, "আচ্ছা, কাগজখানি কোথায় ?"

"আমার গৃহেই আছে, আমি এখনই আনিভেছি," এই বিলয়া নীরদ বাবু ক্রুভেপদে গমন পূর্বক আনভিবিলফেই কাগজ হয়ে পুন: প্রভাগত হইরা বলিলেন, "দাদা! এই দেখুন্!" 'প্রবোধ বাবু কৃহিলেন, ,, আমি রাত্রে ভাল দেখিতে!' পাইব না, তুমি পড় আমি শুনি।"

নীয়দ বাবু কহিলেন, "আপনি স্বয়ং প্রড়িলেই ভাল হইত, যাহা হউক, ইহাতে যেরূপ লেখাপড়া হইয়াছে, ভাহার সুল মর্ম এই বে, "আমাদের বিবর—বাহা আমি এপর্যন্ত ভর্বাবধান করির। আদিভেছিলাম, ইছার মুদ ও আদল বধন বাহা প্ররোজন হইবে, তাহা আমার ভাতা শ্রীমান নীরদ চল্ল মিত্র আমার স্বরূপ হইরা মাদে মাদে অধবা তাহার নিজ স্ববিধামত বিনা আপত্তিতে আদার করিবে। আমি অপন ইজ্হার মুদ্ধ শরীরে এই ক্ষমতা দিলাম।"

নরল জাত্তংকরণে প্রবোধ বাবু তৎক্ষণাৎ বলিয়া,উঠিলেন,
"বেশ লেখাপড়া ইইয়াছে। এ লেখাপড়া তুমিত করিয়াছ দে
"কামার একটা উচীল বন্ধ আছেন, তাঁহার দারাই
লিখাইয়াছি। এখন তবে কাগকখানি আমার নিকটেই রাভি •"

প্রবোধ বারু বলিলেন, "দেও, একেবারে স্থাক্ষরটা করিণ।

কি। কল্য কাষার মনে না, থাকিতে পারে। এখন কাজ্যত লীল্ল সমাধা হর, ততই ভাল।" এই বলিয়া নীরদের হস্ত হইতে কাগজ্যানি লইয়া স্থাক্ষর কর্বতঃ তৎক্ষণাং পুনঃ
প্রত্যুপ্তি করিয়া কহিলেন, "নীরদ। কল্য হইতে সমস্ত কাজ্যকার্মের ভার তোমার উপরই রহিল,—ভূমিই দেখিবে। তবে এখন যাও, রাত্রি হইয়াছে, স্থামিও শ্যুন করি।"

নীরল বিলার লইমা প্রস্থান করিলে প্রবোধ বাবু শ্যাভেলে শ্রন করিয়া নানাবিধ চিন্তার প্রবৃত্ত হইলেন। চিন্তা করিতে কবিতে অকলাং নি্স্লালেবী উচ্চাকে অচেতন করিয়া ক্লিল।

কিয়°কণ পরেই নদেরচাদ মৃত্পদদঞ্চারে ধারে থাবে দেই কক্ষে উপনীত হইল। সে মনে মনে ব্লিডে লাগিল, এই বার মনের মত কাজ পাইরাছি। এ কাজে বিলক্ষণ লাভ জাজে বটে, কিন্ত মুণাক্ষরে প্রকাশ পাইলে প্রাণ লইয়। টান্টানি হইবে। সুবাক্ষা মত্তে মনে এইরূপ চিন্তা করিতে করিতে প্রবেধে বাবুর দরিহিত হইতে লাগিল। ক্রমে নিকটবর্জী হইরা কহিতে লাগিল, "কার বিলম্বে প্ররোজন কি ? কালা! ইলারই নাম বিনা মেঘে ব্জ্রাখাত! বাহা হউক, টাকার নাহর এমন কাজ জগতে নাই।" এই বলিয়া পকেট হইতে এক খানি ক্রমাল বহির্গত করত প্রবেধ বাবুর নালারদ্ধের ভিতর ব্যেমন সঞ্চালন ক্রিতে লাগিল, অমনি ক্রমাল বিরু রোধ বাবু রোঁ। জাঁ। শব্দে ধরাশ্যার প্রকিত হইলেন। নদেরটালও সেই অবস্বেক্ত একশিশি ঔবধ ঢালিয়া দিয়া ক্রতেলদে প্রস্থান করিল।

মনিনার পিতৃগুত গমনে পর চইতেই প্রবেখবারু বহিকাটীতে শরন করিতেন; কিন্ত একাকী থাকিতেন না, নকর নাম্দ ভ্তাতাহার আদেশে দেই গুইং থাকিত। দে প্রভাহ আপনার নিয়মিত কার্য্য শেষ করিছা প্রবোধবারুর শরন গৃহে আগমন পুর্কক শরন করিত।

নকর এক জন বিশ্বস্ত ভ্তা। কোন বিশেষ কাক উপস্থিত হইলে প্রবাধবাবু নকরের প্রতিই তাহার ভার দিছেন। নকর শৈশবাবধি প্রবাধবাবুর নিকট প্রতিপালিত হইরাছে, স্মৃতরাই প্রবাধবাবুর সিকট প্রতিপালিত হইরাছে, স্মৃতরাই প্রবাধবাবুর কার্ব্যে প্রাণ দিতেও কৃষ্টিত ছিল না। প্রবোধবাবুর কার্ব্যে প্রাণ দিতেও কৃষ্টিত ছিল না। প্রবোধবাবুর কার্ব্যে প্রবাধ কার্ব্য কর্মান করিতেন। কলক্ষা, নকরকে ভাঁহারা প্রকৃত নকর বলিয়া ক্লান করিতেন না। নকর ভাঁহাদিগের একান্ত প্রিপাত ছিল।

গৃহত্বের গৃহে বিশেষতঃ বহুণারিবারিক সংসারে দৈনিক কার্যা প্রতিদিন প্রকৃত সমরে বা ঠিক সময়ে সমাধা হয় না। হয় ত কান দিন রাজি নয় শুটিকাল মধ্যেই আহাবাদি সমাহিত

इहेबा याब, आवाब दब छ कान मिन बाळि हुई ध्यदब इहेबा পড়ে। এই नक्न काइर्लंड नक्द बाडार अक नमरत्र गरन করিতে আসিতে পারিত না। আমরা যে দিনের ঘটনা বর্ণন করিতেছি, সে দিন সমস্ত কার্য্য শেষ করিতে নফরের রাত্তি इरे थरत पंजीक रहेबाहिल। (म वास्त्रमण जाद थादाध ৰাবর ককে আদিয়া দেখিল, গৃহ তিমিরারত: আলোক নিৰ্কাশিত হট্য়া গিয়াছে। তখন দে বহিৰ্গমন পূৰ্বাক গৃহান্তর एडेटड अक्की चांलाक नहेश कक्ष्माक्षा त्यमन शूनः श्राटन করিল, অমনি তাহার শরীর লোমাঞিত হইরা উঠিল ;—ভীবণ मुख मर्गान फाराक विजयकतिकावर एकिंठ रहेता रहेता। ব্ৰবোধ বাবু খট্টাশব্যা হইতে ভুপতিত হইয়া নিস্পন্দ-নিদ্দেই ভাবে বৃষ্ঠিত হইতেছেন! তদর্শনে নফর বাকৃশক্তি রহিত ও কিংকওবাবিষ্ট হইয়া কণকাল অবস্থান পূৰ্বেক জ্ঞতগতি ॡरवाथ वावृत्र करनीत निकृष्ठे शिक्षा मःवाम मिन । वृक्षा सर्विश्वाः क्तिनीत अन्त भागनिनी त्रत्य हुतिता आमितन ;-- त्रिशतन, হাঁহার জ্বন্ত্রের ধন ধরাশ্যায় পড়িয়া বিবৃষ্ঠিত হইতেছে। ভদর্শনে বন্ধা বন্ধে করাখাত করিয়া উচ্চৈঃখরে ক্রন্সন করিয়া উঠিলেন। ''হা হতবিধে। ভোমার মনে কি এই ছিল ? হা প্রোধ ! একবার জভাগিনীর সহিত কথা কও, তাপিত প্রাণে প্রবোধ পাই। এই কি তোর বুন্দাবনে যাওয়া! অভাগিনীকে ফেলিয়া কোথায় গমন করিলে গ" এইরূপে রোদন করিতে করিতে অক্সাৎ বৃদ্ধা মূর্চিছতা হইরা ধরাশায়িনী হইলেন।

হৃত্বরে রোদনধ্বনি কর্ণকুছরে প্রবেশ মাত্র বাটার সকলেই সৈইস্থানে আসিয়া উপস্থিত হইল। মোহিনী ও ভূবণা দাসদাসী-গণের সংহায়ের বুলাকে তথা হইছে অন্তঃপুরে সুইয়া পেলেন।

.

. अमितक नीत्त्रीम बायू अहि मरवान वथा मगरत आश हहे-লেন। তিনি তৎক্লাৎ একজন ভাল ডাক্লার আনাইয়া সম্বর তাঁহার ব্যেষ্টের নিকট উপস্থিত হউলেন। উভয়ের কিরৎকণ भवामर्भ इहेल। नीत्रण वासु विलियन त्व, व्यामान त्वाध इत, দাদার কোন হুদরোগ হইট্লা থাকিবে। কিছ তিনি যে কেন ইহা আমাদের জানান নাই, তাহা আমি অবগত নহি। কেমন, আপনীর কি বোধ হর १ । নীরোদ বাবুর কথা ওনিয়। তিনি वित्तन, "जामि लाईहें दिशिएडिंह ता जालनात खाखांत कारवान छिन अतर देनहें (बारशेटे के शिश्व को पर अपूरा कहेंबारिक। वाका रुष्टेक, जात दकाम र्गान(शार्मित श्राम्म माहे। वाहा वहेरात অবশুই হইবে। আমরা সক্ষম চেষ্টা করিলেও ঘটনা চক্রের গভি ফিলাইতে পারিব না।" পরে নীরদবাবুকে সম্বোধন করিয়া বলি-লেন, 'নীরদ বাবু। আলানি স্বরং একজন ডাক্রার। এইরূপ ঘটনা প্রায়ই আপনার শুতি গোচর হইয়া থাকে। অতএব ইহার দত্ত আপনার ভার ধীর প্রকৃতির লোকের এড়ালুশ চঞ্চল হওরা উচিত নহে। ভাপনি শীল্প শীল্প উদ্যোগ করিয়া মৃতদেহৈর দংকার করিতে আদেশ দিন। **আর** কতকাল এরপ করিবা ল্মর নষ্ট করিবেন। যাহা গিরাছে ভাহাত আর ফিরিয়া পাই-ल्पन न।। ভবে মৃতদেহ অধিকক্ষণ গৃহে রাখিয়া সকলকে প্তনা দেওরা উচিত নহে। আপনি হত শীল্প পারেন সং-কারের উদ্যোগ করুন। নতুবা কোন গোলবাৈগের সম্ভাবনা নাই। এই বলিয়া তিনি তথা হইতে, প্রস্থান করিলেন।

নীরোর বাবু তাঁহার কথামত প্রবোধ বাবুর মৃতদেহ সংক্রারের আদেশ করিরা অব্ধরে প্রবেশ করিলেন ও মলিনাকে পিতালের হইতে জানরন করিতি আদেশ দিলেন।

मगम शतित्व्हम।

By Heaven I'd do. Shakespeare.

পারিবে ত ?

প্রবেধবাবুর বৃদ্ধা জননীর আর শংক্ষা লাভ হইল না।

তিনি অচেত্তনভাবে শয়ন করিয়া থাকেন জার মধ্যে মধ্যে
এক একবার "প্রবোধ প্রবোধ" বলিয়া চীৎকার করিয়া উঠেন।
মোহিনী ও ভ্রণা আহার নিজা ত্যাগ করিয়া তাঁহার দেবা
করিতেছেন, কিন্ত কিছুতেই রোগের বিল্মাত্রও উপশম হইল
না। উত্তরেতর পীড়ার বৃদ্ধি দেবিয়া নীরদ বাবু একজন
স্বিজ্ঞ বহদশী ভাক্তারকে আনয়ন করিলেন। ডাজ্ঞার
মহাশয় বহকণ যাবং রোগপরীক্ষা পূর্দক ঔবধের
বন্দোবস্ত করিয়া একটা দীর্ঘনিশাস পরিত্যাগ করতঃ কহিলেন
"নীরদ বাবু । আমি ঔবধ দিলাম বটে, কিন্তু আমার বিবেচনাথ
রক্ষা প্রস্থা হুরহ। বৃদ্ধ বর্ষে এরপ রোগে প্রায়ই জানিত

ডান্ডার এই কথা বলিয়া প্রস্থান করিলে বাটার সকলেই ব্যাক্লিত চিন্তে রোদন করিতে লাগিল। নীরদবাবু প্রবোধ বচনে সকলকে সাজ্বনা করিয়া স্বয়ং জননীর সেবার নিগৃষ্ঠ বহিলেন। কিন্তু জধিক দিন তাঁহাকে ঐরপ দেবা করিতে হয় নাই। প্রবোধ বাবুর মাতা প্রির পুত্র প্রবোধ চল্লের বিচ্ছেদ বাতনা সহ্ করিতে পারিদেন না। তিনিও সংসারের

জপ্র সকলকে পরিভাগে করিয়া স্বরং প্রবোধ বাবুর সহিত সাকাৎ মানসে ইছলোক পরিভাগে করিলেন।

নীরোদ বাবু এককালে জােষ্টপ্রাতা ও সননীকে হারাইয়া প্রথমতঃ বিশেব উদির হাইরা পড়িলেন। কিছু অন সময়ের মধ্যে সকল শােক বিস্মৃত হাইরা আবার সংসারিক কর্মে মনঃ সংযোগ করিলেন। অস্তুলকে যথাসময়ে এই দৈব ত্র্তিনার বিষয় আদ্যোপান্ত আপন করিলেন।

নীরোদ বাবু বাহিক যতই কেন ছু:বিত হউক না, তিনি আন্তরিক অভান্ত ছালেন। তিনি আনিতেন বে, জ্যেষ্ঠকে কোনরূপে ক্ষেব করিতে পারিলে বিষয় তাঁহারই হইবে। কিন্ধ তাঁহার মাতা যে ইহাতে মৃত্যমুখে পতিত হইবেন, ইহা তাঁহার ধারণা ছিল না। যাহা হউক, ইহাতেও তিনি কম আনন্তিত নহেন।

যথাসময়ে প্রবাধ বাবুর ও তাঁহার মাতার আদাদি সম্পন্ন
হইয়া গেল। মিত্র মহাশরদের ইতিপূর্বের যতগুলি কর্ম্ম হইয়া
গিরাছে, সে সকল গুলিই অত্যন্ত সমারোহের সহিত হইরাছিল।
কিন্ত এক:ব্যা সেরপ কিছুই নাই। নীরোদ বাবু একাকী,
মূতরাং তিনি সকল কার্য্য কিরুপে সম্পন্ন করিবেন। বিশেষ
নীরোদ বাবুর গ্রী মোহিনীর কথার নীরেন বাবু অন্ধরায়েই
সমস্ত সমাধা করিলেন। অতুল বাবুর নিকট হইতে ইতিপূর্বের
একথানি পত্র পাইয়াছিলেন, তাহাতে নীরোদ বাবু আনিতেন
যে, প্রান্ধের সময় অতুল বাবু উপস্থিত হইতে পারিবেন না,
তবে বদি অবকাশ পান, পরে আসিতে পারেন। মূতরাং নীরোদ
বাবুর সকল বিষয়েই স্থবিধা হইয়াছিল।

নদেরটাল একটা কার্যাপশার করিরাছে। সে কর্ম আবার

যে সে কর্ম নতে;—বিশেষ বাবধানের সহিত সম্পার করিতে
হইরাছে। সেইজক নবেরটাদ নীরোদ বাবুর অত্যন্ত প্রিয়পাত্র হইরা জাইল। পূর্বে তাঁধার বৈ ভয় ছিল, এখন আর
ভাষার সে ভরের কিছুই রহিল না। নদেরটাদ এইরপে ভয়পতির অহ্পাহ পাইরা আপনাকৈ কুজ নবাব বলিয়া ভাবিতে
লাগিল, কাহাকেও বড় জকেশ করিত না, যাহা ইচ্ছা
ভাষাই করিত। আর কাহার কার্য্যে কোন লোকও, কিছু
বলিতে লাহ্য পাইত না। কেন না নীরোদ বাবু ও মোহিনী
ভাষাকে বর্পেই যক্ম করেন। এখন নদেরটাদের উপরই
একরপ সংসার রক্ষার ভার ক্ষপিত হইল।

একদিন নরেরটাদ বহিকাটিতে উপবেশন করিয়া আছে ।

এমন সমরে একজন ডাক হরকরা সেই ছানে আসিয়া বলিল,

"মহাশর! নীরোদ বাবুর নামে একথানা চিঠী আছে নিল।
ভার চারিটা পর্যা বেশী দিতে হবে।"

নদেরটাদ। বেশী দিতে হবে কেন? টিকিট দেওয়া রয়েছে ত।

ভাক। আছে ওলনে কিছুবেশী আছে। সেই সন্য আরও প্রসাদিতে হটবে।

নদেরটাদ। তবেই ত গোল। বেটারা গোল কোথার প কাহাকেও যে দেখিতে পাই না। বেটারা থাবে আর মুনাবে, কাজের সমর পাওয়া যায় না। আমি হ'লে এডদিনে বেটাদেব সব দ্র করে দিই—" এই বলিয়া নব! নবু! বলিয়া চীংকার করিতে লাগিল।

নব প্রবোধ বাবুর প্রির ভূত্য, শুভরাং ভাষারই উপর এখন সকল কর্মের ভারে পড়িয়াছে। যথম নদেরটাদ তাহাকে আহ্বান করিতেছিল, তথন দে গোলাহনে নিষ্ক ছিল। অনেক ভাকাভাকির পর নব বহিন্দানীতে আদিয়া উপন্থিত হইল। তাহাকে দেখিরাই নদেরটাদ কোধে প্রজ্ঞানিত হইয়া উঠিল এবং বলিল, "ই্যারে নবা! এতক্ষণ কি করছিলি । আমার কথা কি তোর খাতিরে আনি না?

নৱ। আজে আপনাৰ কথা গুনিতে পাই নাই।

নদেরটাক। না শুন্তে পান্নি। আমার ছাকে পাড়া শুক লোক ব্যক্তিবস্ত ইইরা পার্তিন, আর তুই বেটা বলিন কি না শুন্তে পাইনি। এখন কিদির কাছ থেকে চারিটা প্রশানিয়ে আর বলিন মেজ বাবুর একখানা চিটি এনেছে।

নবকুমার 'যে আছে। বিরিয়া তথা হইতে প্রস্থান করিল ও তৎক্ষণাৎ এক আনা পরদা নইয়া নদেরটাদের হস্তে দিয়া আপনা আপনি কি বলিতে বলিতে অপর কর্মে নিযুক্ত হইল। নব প্রেস্থান করিলে পর নদেরটাদ হরকরাকে জিজ্ঞাদা করিল, "এ চিটি থানা কোথা হতে আস্ছে।"

ডাক। আজে দেখুন না, কোথাকার শীলমোহর আছে। নদেরটাদ। এ ত আমি বুঝতে পারি না। তুমি দেখত বাপু। ডাক। আজে এখানি দিল্লী ইইডে আদিভেছে।

নদের চাঁদ। ওঃ বুকেছি ৰুকেছি, এথানি অভুল বাবুব নিকট হইতে আদিতেছে।

া ধথানময়ে নদেরটার সেই পত্র নীরেনে বাবুর হতে প্রদান করিল। নীরোল বাবু পত্র খুলিরা পাঠ করিলেন, পরে বলিতে লাগিলেন, লেখ নালফটার, ঈখর আন্মানের সহায়। ভানা হইলে এমনস্থায়ে এপটিট আমার নিকাট আদিরে কেন। অতুল লিখ্ছে, এথন ভাহার কাজের এত গোলঘোগ যে, সে কোন ক্রেই বাটাতে আসিতে পারিবে না। ঘাহা হউক, এতক্ষণে আমার মন কতকটা হির হ'ল। এমন সমগ্রে যদি অতুল এখানে এসে উপস্থিত হয়, তাহা হইলে আমাদের সকল কাজেই নই হইবে। নলেরচাদ তোমাকে সে দিন ম কাজের কথাটা বলিলাম, ভাহার কি করিলে? পারিবে তি ?

"লাজে ই, খুব পার্ব। আপনি ত সচকে দুখালেন নদের আদি কেনন কাজের লোক, আবার আপনি দলেহ করেন ?"

লীরের সংশেষ নরহে, এটা ভার চেণ্ডেও শক্ত কাল । ভান ড ছড় বিশদ। সেই জন্য তোমাকে সংবধান করিয়া দিভেছি।

নদের**টাল। মনের মত কাজ পে**বে ২**তই কোন শক্ত** কি**লে হউক না বহজেই শেষ করিতে প**ারি। টাকায় কিনাহয় ?

নীরোদ। ওছে তাতে তোমার কেনে সন্দেহ নাই। কি ছ দেখ যেন শেষে গোল না হয়। আবার তে,মার ভয়েরই বং কারণ কি ? আমি ষথন তোমার সহায় রহিলান তথ্ন ভোমার ভয় কিসের ?

নদেরটাদ। বে আর বেলৈতে। আপনি আমার বিকে রহিলে আর কাহাকে ভয় ? আছে। আপনাবের বাগানে য ওয়া কবে হবে ?

নীরোদ। সেই বিষয়টা একদিন ধার্য্য করে বলে দেওয়া থাবে। এখন ভোমার টাকার কিছু বরাত অছে?

नत्त्रकाष । जाञ्चा हिन दूरि किन्छ-

নীরোদ। কিন্ত কেনছে। এই নাও, এখন একশত টাকং। বদি ইহার মধ্যে আরও কিছু প্রয়োজন হয়, তাহা হইলে আমাকে জানাইও।

নদেরটাদ। যে আজ্ঞা। নীরোদ বারু আপনি নিশ্চিত্ত থাকুন, নদেরটাদ একাজ ঠিক শেষ করিবে।

নীরোদ। বেশ। কেশ। কেশ। বেশ। খারে পারেই ভোমার-ভাল। এএন চল, কাল যা ক্র পরামর্শ করা ঘাইবে।

নদেরটাদ। আজ্ঞা অন্ত্রীন এখন এখানেই কণেক অপেকা করিব। একজন লোক আমার দহিত দাকাৎ করিতে আদিবেন। আপনি অগ্রদর হউন। নীরেলবাবু প্রস্থান করিলে পর নদেরটাদ মনে মনে নানা প্রকার চিক্তা করিতে লাগিল। কে ভাবিল, নীরোদ বাবু বাস্তবিকই আমার হুংথে হুংখী, ভা না হইলে উনি কিরপে জানিতে পারিবেন যে, আমার হাতে টাকা নাই। এরপ ভন্নীপতি না হইলে জ্ঞামাদের মত লোক থালির দশ্য কি হইবে। বাহা হউক আর ও সকল আসৎ চিন্তার প্রয়োজন নাই। অনেক দিনের পর টাকা ওলি পাওরা গেছে, একটু আমোদ করা যাউক। এই বলিয়া নদেরটাদ তথা হইতে প্রস্থান করিল।

অতুল বাবৃ দিল্লী যাইবার সময় শ্রামা নাল্লী পরিচারিকাকে তাঁহার দ্বী পুল্রের পরিচর্বা। করিবার জন্য রাখিয়া যান। শ্রুমার বয়স হইলেও যৌবনম্বভাবসূলভ চপলতার ক্রাস হয় নাই। শ্রামাকে দেখিলেই বোধ হয় যে, সে যৌবনকারে একজন সুলরী ছিল। কিন্তু তা বলিয়া শ্রামার চরিত্র বিষয়ে কোন দোষ আছে এরূপ মনে করিবেন না। নদেরটাদ অনেক দিন হইতেই শ্রামাকে পাইবার চেষ্টা করিজেছে, কিন্তু কোনরূপে কুভকার্যা হইতে পারে নাই। হাতে টাকা পাইয়া নদেরটাদ একবার

জামাকে অবেশ করিতে লাগিল। কিছু কোনকপে কুতকার্যা ছইতে না পারিয়া পুনরায় নীরোদ বাব্র বাটীর বাহিরে আদিয়া নানা প্রকার চিস্তা করিতে লাগিল। এমন সময় নবকুমার তাহার নিকট আসিয়া বলিল যে, বহিছাবে ত:হাকে क अध्यक्त कतिराज्य । नाम बहा मानवार । यसन त्रहे ভানে গমন করিবে, অমনি বাহির হইতে কে যেন বলিয়া উঠিল, "ইারে নদেরচাদ। তুই এগানে ভগ্নিপতির বাটাতে থাকিরা সুখভোগ করিতেছিল, আর বাটীতে তোর মার বে শক্ত वाक्राम-वाष्ट्री यावि ना-आया" नात्रकात्तव अवस् उधन ভাল ছিল না। বছদিন পরে আজ তাহার হাতে টাকা পড়িয়াছে, স্মৃত্যাং দে যে টাকার সন্থাবহার করিবে, তার আর আশ্চর্যা কি 🕈 সেই জনাই সে, আজ কিঞ্চিৎ পরিনানে মদির: পান করিয়া বড়ই ফ্রি অনুভব করিতেছিল। এমন সমধে মাতার পীড়ার কথা ভাহার ভাল লাগিবে কেন ? সে সেই কথা শুনিয়া তৎকণাং বলিয়া উঠিল, ".ক হে ভূমি ৷ বড় লোক দেখে বৃঝি মো সাহেবি কোর্তে এদেছ। দে দব হবে না হে। এ কিছু আর আমুমি পৈতৃক বিষয় পাইনি যে, দশ পে:নেরটা মো সাছেব রাখিব। এ আমার নিজের রে:জ-গারের টাকা। এখানে ওসব কিছু হবে না, দরে পড়।'

আগত্তক নদেওটালের পিতৃবা। নদেরটাল আর বয়সে পিতৃহীন হইলে ভাহার পিতৃবাই ভাহাকে লালন পালন করিয়া-ছিলেন। আপাততঃ নদেরটাদের মাডা, ভয়ানক পীড়িত, সেই জন্য ভাহার পিতৃবা ভাহাকে সেই সংবাদ দিতে আগমন করিয়াছেন। কিন্তু নদেরটাদের মন্তিক তথ্ন মুরাদেবীর কুপার বিহুর্ণিত হইতেছিল। সেই কারণ্ডস ভাল করিয়া কঠবর বৃশিতে পারে নাই। তাহার পিতৃব্য ভাহার মুথে ঐচধা শুনিয়া বলিলেন, "নদেরচাঁদ । ভুই কাকে কি বলিতেছিল, আমি যে তোর কাকা।" নদেরচাঁদ ও অয়ে ছাড়িবার নহে, দেও বলিয়া উঠিল, "দেথ বেলী কথা বলিবার প্রয়োজন নাই। পারদা হইলে অমন আনক বাবা খুড়ো হয়ে খাছে, বল্ছি চলে যাও, এখানে কিছু হবে না! নদেরচাঁদ কি ছেমন পাত্র?" এই বলিয়া তৎক্ষণাথ তথা ইইতে প্রস্থান করিয়া অক্ষারে প্রবেশ করিল। আগগুরুক আনকক্ষণ পর্যায় ভাহার প্রত্যাশায় রহিলেন, কিন্তু যথন দেখিলেন যে, নদেরচাঁদ কার প্রত্যাশায় বহিলেন, তিত্ত যথন দেখিলেন যে, নদেরচাঁদ কার প্রত্যাপমন করিল না, তথ্ন ভিনি মনে মনে আপনাইক ধিকার দিতে দিতে অগৃহে প্রত্যাগ্যন কবিলেন।

নীরোদ চন্দ্র স্থীর উদ্বেশ্য অনেক পরিমানে সাধিত করিয়া আনিষাছেন। বিষয় হস্তশ্বত করিবার জন্য প্রধান কণ্টক জাঠ ভাতাকে স্থকোশলে ইহ জগত হইতে অপস্ত করিয়া দিলেন। প্রবিধে চন্দ্রের এরপ আকস্মিক ব্যারাম ও মৃহ্যু সকলেই যে বিশ্বস্থমনে বিশ্বাস্থ করিয়াছিল তাহা নহে। অনেকেরই মনে ধারা। হইয়াছিল যে, ইহার ভিতরে কিছু না কিছু গোলযোগ আছে। এখন নীরোদ চন্দ্র প্রভৃত এখার্থার অধীপুরঁ। সেই জনাই প্রভিবেশীরা কেহই উহার সমক্ষেত্র বিসয়ে কোন কথা উত্থাপন করিতে সাহস করে নাই। নীরোদ চন্দ্রের অনাক্ষাতে ভাহারা এই সব কথা লইয়া যথেই আনোলন করিত, এবং নীরোদ চন্দ্র যে এই স্থটনার মধ্যে আছেন এরপ মত প্রকাশ করিভেও কৃষ্টিত হইত না। নীরোদ চন্দ্রও কি তাহা আনিত্রন না । এতব্র নিষ্কুর কার্থা কি উহার স্থাবার স্থানার স্থানা

এক একবার অভীত ছটনা মারণ করিবা অবদর হটরা পড়িত। তগনই আবার অপরিমিত অর্থত্কা আসিয়া ওঁহার মনকে অনাপথে লইয়া বাইত। তিনি মনে করিতেন, শইক্ষার যথন কালসপকে আলিজন করিরাছেন, তথন ইহাতে আর পণ্চাৎপদ হইবার প্রবোজন কি ? তিনি कि कतिरक्टिन ? देशंत हत्रम शतिनक्टि कि ? अर्थाल क्षकतिन ভाविवात अवकाम शान नाहे, अथवा मनक छ्वविद्रक অবকাশ দেন নাই। যদি কখন কোন কাৰ্যা ছাৱা নীৱোদ চল্লের মনে একট ভাবাত্তর লক্ষিত হয়, অমনি মেজ वर्षे त्माहिमी निक दात्रा तम पूक् जनमातिक कतिया (महा) দত্যই বখন আমরা কোন পাপকার্যা করিতে যাই, তখন কি একৰাৰ ভাবিয়া দেখি, যে কি করিতে ঘাইতেছি, ইহ'র कनाकन कि । यनि जाहाहै छ।विवात मक्ति थ।कित्व, তাহা হইলে হয়ত দে কাৰ্যা করিতাম না। মানব নিত'ল ছুর্মন, প্রানোভনে ছির থাকিতে পারে না। কোনজন প্রানো-ভনের বস্তু সম্মুখে আসিলেই অমনি "প্রজবৎ বহিন্দুখঃ" বাণাইয়া পড়ে। ভংন তাহার হিডাহিতজান শুক্ত ইইয়া যায়। ভাল মল কিছুই ব্ৰিভে পারে না, অথবা বুলিয়াও বুলিতে চাগ্ৰ मा। माकन मार यस हरेबा भूछ। व्यानास्त्र यहिर হত্তে আদিয়া পড়িলেই জতি ধীরে জ্ঞানের বিকাশ হইবে অতি ধীরে সীয় কুকার্য্যের জন্য অনুতাপ আদিয়া উপস্থিত হয়। জামে অমুতাপ বৃদ্ধি হইলে এরপ কাঞ্চ আব ,কবিব না বলিয়া মনা স্থির করিতে চেষ্টা হয়। কিন্তু ভাষা কভক্ষণ ; ছদিন পরেই ্দ্ধিবে, মনের সেই দৃঢ়ভা ভ্রাদ হইছেছে আবার একটি পাপ বার্ষ। মন অগ্রদর হইতেছে।

হার বিশ্ব বিশ্ব করের অন্তর্গর করির।
পড়িরাছ, তবে বা কো করির।
পড়িরাছ, তবে বা কো করির।
মহণ কেন ? স্বৃত্তিই বা তোমাকে কৈ নিতে বাসিরাছিল ? জগতে
এত বিচিত্রতার সমাবেশ কেন ? এক ভাবেই ত চলিতে পারিত ?
লরামর ! ইছা করিরা মানব মনে এত কট্ট দেও কেন ?
ইহাও কি তোমার মহজের পরিচায়ক ! জাধবা আমর। স্বাক্তনীব
পোরজগতের মধ্যে পৃথিবী একটী কুম্ম কলিকা মাত্র, ভাহার
মধ্যে মানব একটা কুমাদ্বি জনুমাত্র। মানব ভোমার বিশ্বহৃত্তির
মহিন। কি বুরিবে ? আমরা বাহাকে কার্যা বলিরা মনে করি,
এবং পাপপুণ্য বলিয়া প্রত্তের দেখি, ভোমার কাছেইবোধ হর,
তাহা কিছই নর !

্দেশ ষাউক আমাদের নীরোদচক্র উহিার কর্বনিপার জন্য আরো কড়দ্র অপ্রদর হন।

একাদশ পরিচ্ছেদ।

এই ত হুযোগ।

"The earth had not a hole to hide this doed."

Shakespeare.

প্রীক্ষকাল। বেলা প্রায় নয়টা বাজিয়াছে। রেজির উদ্ধাপ ক্রেমই বাড়িতেছে। রাথালগণ গক্ষর পাল লইয়। এক এক গাছি লাঠি হস্তে মাঠের দিকে ধীরে ধীরে গমন করিতেছে। গোপগৃহিনীগণ হৃদ্ধডাও হস্তে লইয়া বাড়ী বাড়ী হৃদ্ধ বিক্রণ করিয়া বেড়াইতেছে। কুলবধুগণ গৃহকর্মে মনঃ সংযোগ করিতছে। বাড়ীর কর্তারা একে একে পরিচারকদিগকে আবশ্রুকীয় দ্রব্য সামগ্রী আনমন করিতে আবেশ করিতেছেন। বালকেরা তাঁহাদের নিকট অগ্রসর হইয়া "আনায় সংক্রেশ। আনায় মিঠাই!" এইরূপ অসুরোধ করিতে আরম্ভ করিতেছে। কর্তানিহাশাল্ল এক একবার ভ্তাকে হিদাবে বৃদ্ধাইয়া দিতেছেন, আর এক একবার ভ্তাকে হিদাব বৃদ্ধাইয়া দিতেছেন, আর এক একবার ভ্তাকে হিদাব বৃদ্ধাইয়া দিতেছেন, আর এক একবার ভ্তাকে হিদাব বৃদ্ধাইয়া দিতেছেন। ইবকেয়া প্রাত্তি হাল করিছেছেন। ইবকেয়া প্রাণ্ড করিছেছন।

ভূষণার স্বামী অভূলবারু আনের দিন হইল দিল্লী গিরাছেন।
কিন্ত ভূষণা এপর্যন্ত উহার কোনও সংবাদ পান নাই।
যাইবার কালীন ভূষণাকে বলিরা বান বে, তিনি মধ্যে মধ্যে
পকাদি লিখিয়া ভাষাদের সংবাদ লাইবেন, কিন্ত ভূষণা অনেক
দিন প্র্যান্ত কোনও সংবাদ না প্রাওয়াতে বড়ই চিন্তিতা ছিলেন।
এমন চিন্তা আজ উভারর ন্তান নহে। এই চিন্তাই উভারে
কালস্ক্রণ হইয়াছে। অবসর পাইলেই অভূল বাবুর চিন্তা
উভার মনোমধ্যে আপনা আইনিই উদয় হইয়া শ্বাকে।

পুত্রের কথার ভ্রণার ইচতন্যোদর হইল। তিনি বলি-লেন, "দতীশ! তোমার কোঠাইদার। আজ ঠাকুর দর্শনে বংক্রেন। কেন, তোমার যাসার ইচ্ছা হলেছে? তুমি যাবে •"

সতীশ। চল নামা, আনার বেতে বড়ই সাধ-হরেছে।
ভূমণা। যাবে বই কি বাবা।

সভীশ। কবে যাবোমা। জাজ তুমি ওটের নজে চল নাম।।
ভূমণা। ওটের, সজে কি করে যাবো বাবা। ওরা কি
জামাধ নিয়ে যাবে ?

স্তীশ। কেন নিরে বাবে না না! আমরাত ওলের কিছুই করি নি। আর সুরেশ লালা যদি আমার দেখে, তা হলে আমা-কেও সঙ্গে করে নিরে বাবে। আছে। মা, বাবা করে আদ্বিন ?

ভ্ৰণা। শীল্পই আদ্বেন। তিনি এপেই আমরা বাব। এই কথা শেব হইতে না হইতে নীরোদ বাবুর পুত্র স্থানশ তথার অংশিয়া দতীশকে বনিল, "দতীশ! আর, মা ভাক্চেন।"

ভূষণা। কেন বাব। দতীশকে তোমার মা ভাক্ছেন ?

স্বেশ। আমরা আজ ঠাকুর দেখতে থাবো কিনা, তাই

থ পামাদেব দলে বাবে।

্ৰতীশ। মাঘাৰোগা, বলু না।

ভূষণা। যাও বাবা। কিন্ত দেখো যেন কোন ছুইনি ক'বোনা।

সভীশ। নামা, কথনই তুইুমি কোরব না। স্থারেশ বলো এস। এই বলিয়া স্থারেশের হস্তধারণ পূর্বক সভীশ তৎক্ষণাৎ হাসিমুখে মেই গৃহ হইতে নিজ্ঞান্ত হইল। ভূষণাও পূর্বনত চিন্তার নিযুক্ত হইলেন।

ভূষণা ঐক্তপ চিন্তা করিডেছেন, এমন সময় তাঁহার পরি-চারিকা ভাষা সেই ছানে আসিয়া বলিল, "হাঁগা মা! সতীশু অংরেশের হাত ধোরে কোথায় যাছে ?"

ভূষণা। আজ মেজ দিদিরা ঠাকুর দেগতে কোথার বাবেন, তাই সভীশকে নিয়ে যাবার জনা হারেশ এখানে এসেছিল।

শ্রামা। ওমা, মায়া দেখে যে আর বাঁচি না। আর বারু ভূমিও খুব মা, কোলের ছেলে ছেড়ে দিলে। আনি অনন আদের দেখুতে পারি না।

ভূষণা। কেন ভাষা, আজ যে ভূই এমন কথা বল্ছিন্!

শ্রামা। ওগো তার জনেক কথা। তোমার মেজ দিনি তোমার উপর ধেমন হিংলা করে, লোকে সভীনের উপরও ভত হিংলা করে না। তার উপর ছেলেকে ধে এত মায়া, এত ভালবালা আমার ভাল ঠেকে না। এই দেখুন না কেন, এখনও এক বঁৎসর হর নাই জমন তাহ্বর জার খাওড়ি সংগ্রিলেন, সেশোক করা দূরে থাক, আজ কিনা ওঁব মার ব্যারাম আরোগ্য হয়েছে বোলে মহা সমারোহে ঠাকুর দর্শনে যাজেন। তোমার ও একবারও ডাকেনি। তুমিই

কেবল মেজ নিদি করে নেড়াও, কিন্তু ভোমার মেজ দিরি। ভোমার উপর বিষ।

ভূষণা। যাক ভামা ওলের ভাল ওরা বুরুক। ভামানের কথায় কাজ কি, তবে সতীশকে ছেড়ে দিয়েছি ভার ত ফিরিয়ে জানা যার্না।

ভাষো। নানা, ভাও কি ক্ষুণু ভাষা হলে এখনি নানা কথা হবে। তুমি মেজ মাকে যে ভাল ভাল কর, আমিত হিছুই দেখুতে পাই না।

ভূব। যাক্ ও সব কথা প্রায়োজন নাই। আমার যিনি
মল কোর্বেন জগদীধর তার বিচার কোর্বেন। আমি মাহ্ব
হার তার কি কোর্ব বল। আছে। শ্রামা, তোকে একটা কথা
জিজ্ঞানা করি, তিনি ত আজ্ব্যনেক দিন হ'ল গেছেন, আজ
পর্যান্ত্রত একগানাও চিঠা পেল্ম না, এর তাৎপর্যা কি জানিস্প্
সে মানুষ বলে পেলেন যে, সেগানে গিয়াই চিঠি লিখিন,
তিনি অনেকদিন পর্যান্ত একগানা পত্রও লিখিলেন না; এর
মানে কি ? শ্রামা! তাঁর তু সেগানে কোনও অস্থ হয় নাই?

খ্যামা। বালাই বালাই অসুখ-ছবে কেন । ভগবান করুন ভিনি নিরোগী থাকুন, আমার মাধায় মত চুল, তত পরমায় ইউক। প্রারইত মেজবাবুর নিকট তাঁর পত্র এনে থাকে। ভূমি ভার কিছু জান না নাকি ।

ভূষণা। কৈ শ্রামা। জানিত কিছুই জানি না। তার িঠি আবে, ভোকে ফে বল্লে ?

শ্রামা। কেন গো, বল্বার কি আর লোক নাই। এই মেজবাবুর ওপধর শালাই বলে, তা শালাই বলো, আর পুষ্যিপুত্রই বল। এই যে আহই বল্লেয়ে, কাল দিলী হতে একখানা চিঠি এদেছে। চিঠি জাদে বৈ কি, কুছটো মা! তানী হলে দেবলুবে কেন ?

ভূষণা। আমার আমাদের খরচের কিছু এদেছে জানিস ? শ্রামা। সে কথা বল্ভে পারি না।

ভূষণা। মেলঠাকুরত একদিনও আমাদের জানান নি যে, ভার চিঠি এবেছে, তিনি ভাল আছেন ? তা হলেও একট্ ছবির থাকি।

ভাষা। কি জানি কেন ভনান না। আমার ৰোধ হর দেটীও ভোমার মেজ দিবির কৌশল। ত্মা, দেখ্তে দেখ্তে বেলা অনেক হরে গেল।

ভূষণা। কেন খামা। তুই আজ কোথায় যাবি নাকি পু খামা। হাঁগো ছোটো মা। আমার ভাস্তরপো দেশ পেকে এসেছে, ভাই একবার ভার দঙ্গে কর্তে যাবে। স্থার আমার বাড়ীতে কতকথানি জিনিদও পাঠিয়ে দিব মনে করেছি।

ভূষণা। **এখানে ভোর ভাতর**পো,কাথার এসে রয়েছে ? ভাষা। কেনগো, ও পাড়ার রে আমার বুননির গতুর বড়ী। বে বেইথানেই আছেঁ।

ভূষণা। তবে কথন আস্বি ?

শ্রামা। আন্তে একটু দেরি হবে মা। অনেক দিন দেবা হর নাই। পাঁচ দণ্ড কথা কইবো, দেশের ভাল মল্পংধর ভন্বো। তবে ষত্ শীলিগর পারি আনি আন্বো। আর ভূমি এক্লা এধানে ধেক নাঁ, ঘরে যাও।

শ্রমা প্রস্থান করিলে পর ভূষ। সন্দির মনে অপেন শর্মকক্ষেপ্যন করিলেন। প্রথমেই ভূষণার মনে এই চিস্কার

छेत्र इहेन, मछारे कि अमिनिनि अध्यात छेनत हिस्तिकरत, भव निनि कि छाड़ात भवा। कुन्या सहस्वत कथाहै। निष्यत मत्न (उनापाएं) कतितन। आत्मक पहेनी के कथाहै। मिना-रेश (मिथानन, किछू छरे छ। होत्र गतन व मत्मरहा आधिनछ। লাভ করিতে পারিক না। ভুজুবা নিছাত সর্বা। তাই ডিনি সংসারের এত জটিল চক্র বৃদ্ধি। উঠিতে পরিলেন-না। অব-**रगरम श्रामात উপর সমন্ত জাব চাপাইয়া ছবণার এ চিন্তা** निवृत्व रहेन। अवनव शास्त्रा मात्र एकने हिन्ना प्रशाह-क्रत्य अधिक त कतिन। (क्रिकेट ज़्वनात अधान हिन्द्र।। व त्रामी छांशांक এड आन्द्र केंड यह कहिएकन, এडिनिन दिनि कान मरवान नहेलान ना कैन ? महमा राग जुरुण हमकि छ ইইয়া উঠিলেন। বেন কোৰুঁ ভাবী বিষয়ের আশক। তাঁহার মনকে উদ্বেলিত করিয়া দিল। অকুটবরে ভূষণা বলিলেন, "সামিন, প্রানেশর, এমন ক্রায়ে তুমি কোখায় ? তোমা ছাড়া ভুষণার আর এ জগতে কে আছে? বে চর:-ছায়াতে এতদিন এ.জীবন বাঁচিয়াছে, আজ যেন তাহাতে বঞ্চিত হই 🕫 ্যদি কোন বিপদ ঘটে, ভোমার চরণ গুগল ধ্যান করিলা ত হা হইতে যেন উতাৰ্ণ হই।"

প্রায় একটা বাজিয়াছে। মিত্র মহাশমদের বাটীতে লোক ফনের কোন সমাগন দেখিতে পাওয়া ধার না। সকলেই ঠাকুর দর্শনে প্রস্থান করিয়াছেন। ভ্রণাই কেবল একাকিনী জাপন শয়নকাক বিষম চিত্রায় নিযুক্তা। শ্রামা এখনও আসে নাই। স্থভরাং ভ্রণা ভিন্ন লাটীতে সে নিন অকর মহলে আর কেহছিল না। ভ্রণা প্র্বিতী। তাহার পাক্ষ অরপ একাকিনী কবস্থার থাকা বিপদক্ষনক, তাহাতে লার সলেহ কি ? কিও জুলা ভাষা বেংকে নাই। তিনি অনন্যমনে অতুন বাবুকে চিড্রা করিতেছিলেন। এরপ সমর দহসা নদেবটাদ সেইস্থানে উপস্থিত হইনা বলিল, "হাগা, ভোমার ঘরে দেশালাই আছে ? দিদির ব্রে গিরেছিলাম, কিন্তু সেধানে কাহাকেও দেখাতে পেলাম না, ভাই ভোমার নিকট এসেছি। হাগা দিদিরা দ্বাপোনা কোথায় ?'

ভূষণা। - বিদিয়া আল ঠাকুর দর্শনে গিয়াছেন। আমি দেশারাই বিভেটি

্নদেরটার । ভাইতে কাকেও রেগ্তে পাজিনা বটে। আমি ধনে মনে ভাবভিলুম যে এর। গেল কোলায় ?

এই বলিরা ক্রমে ক্রমে সুহের ভিতর প্রবেশ করিয়া নলেরটাল পালকের উপর উপবেশন করিল। ভ্রণা পূর্পে কথন নলেরটালকে এরপ ব্যবহার করিতে দেখেন নাই। অঞ্জ ভাষার এত দৃশ ব্যবহারে অত্যন্ত আক্রমানিত। ইইলোন। পাঠক। বেধে হয় বুঝিতে পারিয়াছেন, নলেরটাল কি উদ্দেশে ভ্রণার-গৃহে প্রবেশ করিয়াছেন পালকের উপর বিদ্যান্ত নলেরটাল তথা ইইলানা। সে আরো একট্ অগ্রসর ইইয়া ভ্রণার পার্ছে বিস্বার উপক্রম করিলা। ভ্রমণা এইবার সমস্ত বুঝিতে পারিলেন। একবার ভাবিলেন শ্ব চাণকার করিবেন, কিন্ত তথাই মনৈ পড়িল, অক্লর মহলে কেই নাই। অননোপায় ইইয়া ভ্রমণা সাহসে ভর দিয়া তীরক্ষরে বলিলেন, "একি। একি! ভ্রমি যে বড় পালকের উপর বদিলে, উঠে যাও। উঠে যাও। তামার ত এরপে বাবহার কথন লেখি ছাই। আক্রমি ভূমি মার প্রতি ওরপ আচবণ করিছেছ কেন ও উঠ, উঠ, লীড় বাহিরে যাও।

নদেরটাদ। কেন, আমার কি বদিতে নাই। এতে দোষ কি ?

ভ্ৰণা। দোৰ থাক আৰু নাই থাক, তুমি শীঘ্ৰই এখান হতে উঠে বাৰ, এখন যদি কোন লোক দেখতে পায় তবে আমাকে কি মনে কোবুবে বল দেখি। আমি এ সৰ বড় তাল বুঝি না।

নদেরটাদ। কি বল জানেবরী, তুমি এখনে। লোকের ক্ষায় ভর পাও। দেখ ভূষা। তোমা বিহনে আমার প্রাণ গায়, তা কি তুমি আমার আকার প্রকার দেখে বুঝ ভে পাচচনা।

ভূষণা। তুমি ওবৰ **জি** বে.লছ। কোন নেশা করেছ নাকি, উঠে যাও বল্ছি। আমার বরের বাহিরে শীল যাও, আমি দেয়াশালাই দিতেছি।

নেদেরটান। ভ্ষা। রখা কেন জ্বার তিরস্কার কর।
যে অবধি আমি তোমার ঐ চন্দ্রবদন দর্শন করিয়াছি, সেই
দিন হইতেই জামি কোমার নেশার বিভার হইয়াছি। আমি
তোমার প্রেমের দান। স্বার্দী তোমারই মুখকমল চিস্তা করি।
ভ্ষণা। আর আমার কট্ট দিও না, প্রেম্ দানে জ্বধীনের প্রাণ
বাঁচাও, এই আমার বাসনা।

ভূষণা কি উত্তর দিবেন প্রথমতঃ তাহার কিছুই ছির করিতে পারিলেন না। প্রকাণ্ড বাটী। জন্দর মহলে একটিও লােুক নাই। ভূষণার উত্তর দিতে যতই বিশম্ব হইডেছে, নাম্বেটাদ ততই জাপনার জভীই দিন্ধির উপায় উত্তাবন করিতে লাগিল। ভূষণার দর্মশরীর কোাধে ও বজ্জায় কম্পিত হইতে লাগিল। স্থান বপু ঘর্মদিক হইল। মুক্তা দৃশ্য ঘর্ষবিশ্ব দক্ষ কাপালে দক্ষিত

থাকাতে ক্লুমণার তংকারীন, লক্ষ্ণা ও কোধযুক্ত শরীর স্থানর দেথাইতে লাগিল। সেই সৌন্দর্যো নদেরটান অরেও অধীর হইয়া উঠিল। ভূষণার হৃত্যুধারণ করিবার উভোগ করিতে লাগিল।

নদেরটাদের অবস্থা দেখিয়া ভূবণার মনে আরও ভরের উদয় হইল। ক্রিফ ভূবণার বৃদ্ধি অতান্ত প্রথমা ছিল। তিনি কিরপে এই নরপিশাচের হস্ত হইতে নিজ্ঞি লাভ করিছে পরিবেন, তাহার উপায় উত্তাবন করিতে লাগিলেন। এইরপ চিন্তার অধিকক্ষণ সময় ছিল না। কেননা নলেরটাদ কেবলই তাহাকে ধরিবার জন্য স্থযাগু অবেধন করিতে লাগিল। কিছুক্ষণ এইরপে অতিবাহিত হইলে পর ভূমণা যখন দেখিলেন। নিজুক্ষণ এইরপে অতিবাহিত হইলে পর ভূমণা যখন দেখিলেন। নিজুক্ষণ এইরপে অতিবাহিত হইল পর ভূমণা যখন দেখিলেন। নিজুক্ষণ বৃহ্ম হইতে নিজ্ঞান্ত হইল না, তথন তিনি স্পাইই বৃষ্টিত পারিলেন, নদেরটাদ তাহাকে একাকিনা জানিয়া এই কার্যা করিতেছে। ভূমণার বিলম্ব করিবার একট্ উদ্দেশ্য ছিল। শ্রামা যে তাহার কোন আলীয়ের বাটা গিলাছে, তাহানদেরটাদ জানিত্রনা। শ্রামা আলিলেই গোলযোগ মিটিয়া যাইবে এই জ্ঞান্তপ্রায়ে ভূমণা কিছুক্ষণ বৃহা সময় ক্ষেপণ করিলেন।

নদেরটাদ এই বিলম্বের কারণ অন্যরূপ বুঝিরাছিল। স জানিত ভ্ষণা সাধ্বী। স্বভরাং একেবারে ভাহার কথার সম্মত হওয়া অসম্ভব। সেই জনাই ভ্ষণা মনে মনে নানা প্রকার আন্দোলন করিভেছে। ক্ষণেক এইরূপ চিন্তা করিয়া নদেরটালের সাহস হইল, সে তথন বলিয়া উঠিল, "প্রাণপ্রিয়ে! কেন এ প্রান্ত দানের উপর ওরপ কোপ দৃষ্টি করিভেছ? আমার প্রাণ বে ভোমা বিনা আ সংসারে আরু কিছুই জানে না।

ভূষণা আর হির থাকিতে পারিলেন না। তিনি ব্কিতে পারিলেন যে, তাঁহার উত্তর দিতে বিলম্ব হওয়াতেই নদেরচাঁদ আশা পাইরাছে। ভূষণা মনে মনে লজ্জিতা হইয়া বলিলেন. "নদেরচাদ। আমি তোমার জননীস্তরূপ, আর ভূমি আমার সম্ভানস্তরূপ। তোমার ক্রথ কি ওপর কথা সাজে। কেন আজ ভূমি ওরপ করিতেই, ভাল বল্টি, এখান ইইডে চলিয়া বাও।" নদেরচাদ ভাবিই, ভূষণা একট্ নরম ইইয়াছে, আর কিছুকণ পরে আয়য়াধীক হইতে পারে। অভএব সেও কিছু নমভাবে বলিল, "ভূষণা আবার ভূমি ঐ কথা মুথে আনিভেছ। প্রাণেশ্রী। ভূমি প্রেমিকা। তোমার হৃদয় কখনই এরপ কৃটিন হইবেলা। দেখ ভোমার জনা আমার প্রোণ শার, আমি পারে ধরিতেরি, আমার কৃপা করিয়া জীবন দান কর। ভূষণা। এই ক্লুদ্র প্রাণের ভূমিই অভ্রকারী। ওস ক্লয়েশ্রি! কৃপা করিয়া একবার আমার হৃদয়ে উপবেশন কর।"

এবার ভূষণার সম্ ইইল না। তিনি ভংক্ষণাৎ নিকটস্থ অবাগুলির উপর এরপভাবে দৃষ্টিনিক্ষেপ করিতে লাগিলেন, যেন তিনি কোন বস্তুর আরুদণ করিতেছেন। স্থাগও ভেমনি ঘটরা উঠিল। সমুথে একথানি কর্ত্তরিকা ছিল, ভূষণা দেই থানি হত্তে উঠাইয়া লইয়া একেবারে বেগে নদেস্ট্রেকে মারিবার অস্ত তালার দিকে ধাবমান ইইলেন।

নদের টাদ যখন দেখিল যে, ভূষণা কর্ত্তিক। লইটা তাহার দিকেই ধাৰণান হইতেছেন, তথন প্রথমতঃ ভাহার ভর হইল, কিন্তু পরক্ষণেই লে বেমনা ভূষণার বামহত্ত ধারণ করিছে যাইবে অননি পুৰণা দক্ষিণ ইস্তবিত কর্ত্তরিকা দারা তাহাকে আঘাত করিবেন। এইরূপ প্রহার ধাইরা নদেরটাদ তৎক্ষণাৎ হস্ত ছাড়িয়া দিক, এবং রীৎকরি করিতে করিতে বাচীর ক্ষমর ছাড়িয়া বাহিকে জানিছা পড়িব।

कृषणात कथन वित्वकृतिक नाहे । जान प्रमा खान नाहे। वका मत्रसन्न जम्मारे िक्वन कितान नामकीमाक 'रुजा कत्रित, बहें दिशे। क्ष्णताः नत्त्रकान यथन छाहात इ जिया मित्रा विद्**र्वाणेए वानिन, कृ**तनाढ खोरात भन्ता भन्ता राहे ষ্পপ্ত হত্তে দেই দিকে ধাৰমানা হইছে লাগিলেন। কেশ আলু-लांत्रिक, शतिधान वनत्नत्र व्यानक वाकिक्य, कृष्णात क दगद्यम कि अन्तर (नथा हे एक हिना। नाम तहाँ। न का इन इहेश वज़ हे ভীত হইল। তাহার প্রাণের আশা বিলক্ষণ আছে। এবয়দে তাহার মরিতে দাধ নাই। দেইজন্ত ভূষণাকে দেখিয়াই নদের-চাঁদ "ওরে বাবারে মেরে ফেলে রে" বলিয়া প্লাইতে লাগিল। ভূষণাও তাহার পশ্চাৎ পশ্চাৎ এই বলিয়া যাইতে লাগিলেন, "বাঁড়া বাঁড়ারে নরপিশাচ ! আজ ভোকে খুন করিব ৷ ভোর পাপের প্রায়ন্ডিত হটবে। ভাতে আমার জীবন যায় সেও ভात । यनि खगनीचंत्र थाकिन, यनि यथार्थ धर्ष थाकि, यनि আমি স্বামী ভিন্ন অপরের চিন্তা ভ্রেও না করিয়া থাকি, डाश हहेता हैशात यथार्थ विष्ठात **हहे**त्वहे हहेता !"

ক্রমে উভরে বাটার বহিদ্ধারে উপস্থিত হইল। বৈব্যোগে একটা পথিক দেই স্থান দিয়া বাইডেছিল। তিনি নদেরচাদের আবহা দেহিয়া ভাষ্ট্রাকৈ ভাষার কারণ জিল্পানা করিল। নদেরচাদের চাদ সহলা কিছু বলিত্রে পারিল না। একটা মিখ্যা কথা সাজাইয়া ভাষাকে বলিল। পথিক ভাষাতে বিশ্বস্ত হইয়া

একজন পুলিশ কর্মচারিকে আমাহরান করিয়া ভথা হইতে প্রস্থান করিল।

ভূষণা দেখিইলুন যে, ভাহার দীকার প্রায়ন করিয়ছে। ভগন উটাহার বিবেক ক্ষাইলি, ভাল মদ্দ বুকিবার ক্ষমত সংগিল। লক্ষাও সেই দক্ষে দেখা দিল। তথন ভূষণ বুকিতে পারিলেন স, জিনি কি ভ্রানক কার্যা করিয়ছেন। এতক্ষণ জ্রোধে উচ্চারের মন্তিক বিকৃত হইয়াছিল, এখন মাপনার জ্বস্থা বুকিয়া উচ্চার্যের ক্ষোকন করিতে লাগিলেন।

দ্বাদশ পরিচ্ছেদ।

थून।

"Measure for Measure."

Shakespeare.

শুনা যথাসময়ে আপনার কার্য্য সম্পাদন করিরা বাটা আগমন করিল। আসিরাই দেখিল, বাটার বহিছারে ভ্রানক গোলযোগ। অমাদার পাহারাগুরালা প্রভ্তিসণের কোলাহলে ও প্রতিবেশীদিগের কথাবার্ত্তার যেন রথ-দোল পড়িরা গিরাছে। শুনা এ সকল ব্যাপারের কিছুই আনিত না, দে হারে উপস্থিত হইয়া দেখিল যে, নীরোদ বাবুর সেই ওণধর শুলক নদেরচাঁদ বন্ধনার ছটকট করিতেছে আর এক একবার চীৎকার করিয়া বাক্ষলীই আমার খুন কোর্লে এইরপ কাত্রোক্তি করিতেছে। কিন্তু তাহার কারণ কিছুই আনিতে না পারিয়া একজন পুলিশ কর্মচারীকে জিল্পালা করিল, "হাঁগা বাহা, এখানে এত গোল-যোগ কিসের ?"

পাহারাওয়ালা ভাহার কথা ভনিয়া বলিল, "পুন হয়েছে, বেখ্ডে পাজনা।"

খ্যামা। (क খুন হ'লো।

পাছা। নদেরটাল বাবু! তুমি ত এ বাড়ীর দাদী, তুমি জান না ইনি কে ? শ্রামা। বাবু ত বেশ কথা কছে, তবে আবার পুন কিলের ?
পাহা। বাবু মরে নাই, আঘাত পেয়েছেন। বাবু
ভোমাদের কে হয় ?

শ্রামা। আমাদের মেল্লবাবুর সংকী। আছে। কে আঘাত ক্রেছে ?

পাহা। তুমি এধানে ইতদিন চাকরি কোছে ?

স্থানা। তা প্রায় ৭ কংশর হবে। কেন গা?

প্রা। ঐ যে ত্রীলোকটা ভারের পার্বে সুকাইয়া আছেন, উহাকে তুমি চিন্তে পার 🕵

শ্রামা পাহারাওয়ালায়্ল কথার একবার ঘারের পার্থে দুরু নিক্ষেপ করিয়াই ভূকাবার অঞ্চবিক্ত বদনকমল দেখিতে পাইল এবং তৎক্ষণাং পাহারাওয়ালাকে বলিল, উনিই জামার মনিব, কেন গা পাহারাওয়ালা সাহেব ! কি হয়েছে গাং

ভূষণাও শ্রামাকে দেখিতে পাইলেন। দেখিরাই ইকিডে ভিছাকে নিকটে আদিতে আদেশ করিলেন। স্থুতরাং শ্রামা পাছারাওয়ালার উত্তরের আশা না করিয়াই একেবারে ভূষণার নিকট গমন করিয়া ভাছাকে দকল কথা জিজ্ঞানা করিছে ভাগিল। ভূষণা শ্রামাকে পাইয়া ক্রেক্ন করিছে করিছে বলি-ভ্রন, 'গ্রামাণ আর দেখ্চিদ্ কি ? সর্কনাশ হয়েছে। জামি ভলেরটালকে খুন কোরেছি।

খ্যামা। আহা, কেঁদোনা, চোখের জন মুছে কেন। ইাগা ছৈটে মা। বাংপরেধানা কি বলনা গা, আমি ত কিছুই বুজ্তে প্রচিন।

ভূষণা। আর বৃঞ্বি কি, আমি খুন করেছি, আমার বঃবিবে দে, তারপর আমার অনুষ্টে বাহা হব হবে। ভাষা। এমন কথা বলনা যা। ভূমি জবার খুন করেছ কবে, কাকেই বা খুন কল্পে।

এইরূপ কথোপকখন হইড়েছে, এমন সময়ে জমাদার সাহেব ভামাকে ধমক দিয়া বলিলেন, "এ মাগি, ওথানে কি হছে ! গোল ক'র না।" ভামা তথন বলিয়া উঠিল, "কেন সাহেব ! পোড়ালোক খুন কর্বে আর জামরা বুঝি বাড়ী যেতেও পাব না আর মনিবের সঙ্গে কথাও ক্বনা। যে খুন কল্লে ভার কিছু না কোরতে পেরে শেবে বুঝি যত রাগ জামার উপর। যাও লাহেব, ভোমার জামি কি ধার ধারি।"

জমাদরি সাহেব অন্ত কথার কিছুই শুনিতে পাইলেন না। তিনি তথন আপনাদের লেখা পড়া লইয়াই ব্যতিব্যক্ত ছিলেন। পরে একজন পুলিশ কর্মচারীকে একথানি গাড়িভাড়া করিঃ। জানিতে বলিয়া আবার আপন কর্ম্মে মনোনিবেশ করিলেন।

গাড়ী আনয়ন করিতে ভাষার কিছু বিলম্ব হইল। শ্রামার সেই অবসরে একবার এদিকে ওদিকে লক্ষ্য করিল কিন্তু কাহাক্তেও দেখিতে পাইল না, অবশেবে হতাশ হইরা ভূরণাকে শান্ত্রনা করিতে লাগিল। ভূবণাকে কোন কথা বলিলেই তিনি আপনার কার্য্য অরল করিয়া কেবল আপনাকেই অযথা তিরস্কার করেন আর অনবরত অক্ষণাত করিতে থাকেন। স্মৃতরাং শ্রামা ভূরণাকে তথায় একাকিনী রাথিয়া কোন আত্মীয় লোকের বাটী গমন করিল, কিন্তু অদৃষ্ট সঙ্গে সক্ষে যায়; সেধানেও শ্রামা কাহাকেও দেখিতে না পাইয়া ক্ষুমনে যেন্দ্র বাটির দিকে ভাসিবে অমনি নীরোদ বাবুকে সপরিবারে আগমন করিছে দেখিতে পাইল।

क्र्नीत्त्राम गर्दिक दर्गाचेटल शाहेत। श्रामा उरक्तनार क्रकत्वतन

তঁথের নিকট গমন করিল এবং বাটীর সমস্ত ব্যাপার ওঁথেকে জ্ঞাপন করাইরা উচ্চৈঃখরে রোদন করিতে লাগিল। নীরোদ বাবু প্রথমতঃ তাহার কোন কথাই স্পাইরপে বৃথিতে পারেন নাই, অবশেষে যথন স্থামা স্কুষণার নাম করিল, তথন উথোর জ্ঞার বৃথিতে বাকি রহিলনা। তিনি জানিতেন মা যে, তাঁহার কৌশল এরপে নিজ্ফল হইবে।

নাঁরোদ বাবুর স্ত্রী মোছিনীই এই কেশিলের প্রধান পরামর্শনি দার্জী। তাঁহারই পরামধে কোন হত্ত করিয়া ঠাকুর দর্শনে গমন করিবার ছলে ভূজাাকে একাকিনী বাটতে রাধিতে বলিয়াছিলেন এবং তাঁহার্ছই পরামধে নিকেরটাদ এই ভয়ানক পাপকার্য্যে নিযুক্ত হইয়াছিল। ভূষণা কিন্ত এই সকল বিষ্যুর্ব কিছু মাত্রও অবগত ছিলেন না। শ্রামা অনেকবার অনেক প্রাকার সভ্যত্তের কথা তাঁহাকে ভনাইয়াছিল কিন্তু দাসীর কথায় আদে বিধাদ করিছে পারিতেন না। যাহা হউক নীরোদ বাবু ভংশাণাং আপন পরিবারবর্গকে দেই স্থানেই রক্ষিত করিয়া স্বয়ং বাটির বহির্বারে আগমন করিলেন। জ্যাদার নাহেবে তাঁহাকে অনলোকন করিয়া শ্রামাক জ্ঞাদার করিলেন, তাঁ বাবুকে চেন গুলামা উত্তরে বলিল, "কেন চিন্ব না সাহেবে। উনিযে এই বাটীর মেজবাবু"

নীরোদ বাবু আপনার কথা ওনিয়। জমাদারকে আপনার পরিচয় প্রদান করিলেন এবং একে একে সমস্ত ব্যাপার অবগত হইলেন। ইতবিদরে গাড়ী আদিয়া উপস্থিত হইল। তথন জমাদার দাহেব শ্রামা, ভূষণা, নদেয়টাদেও নীরোদবাবুকে লইয়া ষধাস্থানে গমন করিলেন।

ত্রয়োদশ পরিচ্ছেদ।

—∵•**ু** - বিচার ।

"Hell is empty and all the devils are here!"
Shakes earc.

শৈর্মের কর কার অধর্মের পরাজয়² ইহা সকল স্থানেই হইয়া থাকে। বিচারে অনেক কৃটতর্ক উপস্থিত হইলেও নরের-চালের লোব সাবাস্ত হইল এবং ভ্রমণা যে আছারকার্থ সেই অসমসাহসিক কার্মা করিয়াছেন ভাহাও প্রকাশিত হইয়া পড়িল। বিচার শেব হইলে শ্রামণ প্রফুল বদনে ভাঁহাকে লইয়া গৃহাভিমুগে আগমন করিল।

নীরোদ বাবু নদেরটাদকে ব্লুক্ষা করিবার জন্ম বিশেষ চেটা পাইলেন। তাঁহারই প্রামর্শে নদেরটাদের সেইরূপ অবহা হওরাতে মনে বড়ই অক্ষ্থ বোধ হইল। কিন্তু এখন অব কোন উপায় নাই। নদেরটাদ যেরূপ আহত হইয়াছিল ভাহাতে যদিও ভা্হাকে চিকিৎসালয়ে প্রেরিভ হইল ভথাপি ভাহার জীবনের কোন আশা বহিল না। স্কুডরাং অনন্যোপায় হইয়া ক্ষুমননে বিচারালয় হইতে বাটি প্রভাগমন করিলেন। ভাহার জী মোহিনী ও অপরাপর লোক সকল তাঁহার পুর্কেই বাটা আগমন করিয়াছিলেন।

নীরোদবারু কক্ষে প্রবেশ করিলে মোহিনী তাঁহাকে জিজাদা করিলেন, "হাঁগা, কি হ'লো। নদেরটাদ কোথায় ? আর খ্যান। যে বড় হাদ্তে হাদ্তে ছোটবোকে নিয়ে এল ? এর ব্যাপার কি ৪ নীরোদ। ব্যাপার জার কি? নদেরটাদ চিকিৎসালরে জারোগালাভ করিতে গিয়াছে। বিচারে ভাষারই দোষ প্রমাণ হইল। জার ছোটবৌ সান্ধরকার জন্য ভাষাকে জাঘাত করিয়াছে ভাষাও নিক্ষতি হইল। শুভরাং জামাদেরই পরাজ্য প্রীকার করিতে হইল। কিছু আমিও তেমন পাত্র নর যে সহফে ছাড়িব।

মোহিনী। হাঁগা, আনি একটা কথা নিজানা করি, এ
নাকর্জনার কি আপীল হয় না ? যদি হয় ত একবার দেখনা,
জল হরে যাক। আবানী ভারে কারো উপর নজর না দিয়ে
শেষে কি না আমার ভাষের উপর নজর দিলে। ভূমি একট্
চিটা করে দেখ যাতে আবার শ্রুমাকর্জনা হয়।

নীরোদ। দে কি আর্ব্রুনা চেই। ক্রিছি। কিছ ক্রেছাল দারির যে আপীল হয় না। আর আমার আপীলের প্রয়োজনই বা কি ? যার জনা এত সজ্যন্ত করা হয়েছিল দেই কার্যো কুডকার্যা হয়েছি। তবে এক তুঃখের মধ্যে নদেরটাদ আহত হালা সে আর আনার দোষ কি ? আমি ও সকল বন্দোবস্তই ঠিক কারেছিলাম, কেবল নদেরটাদ ক্রকগুলি ভাল দাক্ষী দাএহ করিতে পারে নাই বলিরাই ত মাক্দিনা নিটে গেল, ভানা হলে কি জার রক্ষা ছিল।

্মাহিনী। তুমিই কেন <mark>দাকী</mark> দিলে না_ন ভা হলে ত ন্দেরটাদের জিভ হ'ও।

নীরোদ। তুমি বল কি । তাও কি মাছদে পারে দ হাজার ইউক বাহিরে চাই লজ্জাত আছে, আর আপেনার লোকত সকলেই জানে।

্মাহিনী। ওমা! कि जागांत्र जाननात् লোক গা! जात्र

হলেই বা, সত্য কথা বল্বে তার আবার আপনার পর
কি ? তুমি ত আর কতক ওলি মিখা। কথা সাজিরে বল্ছ না ?
সত্য কথা বাপের বিক্রমে বলা যার, তা অন্য ত পরের কথা।
ছি ছি ! এটা পার্বে না। এ রক্ম কত শত হরে গেল আর
আমালের বেলাই হ'ল না। এ শীলেদের স্থলীলার দেবর
তার বিপক্ষে সাক্ষী দিয়ে তাহার পাৎনা টাকা ভাগ কর্তে
দিলেনা। সেওত তার চরিত্র দোব দেখাইয়াছিল। তংলত
কোন লোকে কোন কথা বলে নাই। আর আমালের বেলাই
যত কথা।

নীরোদ। তাবলুক। বেটা তার ভাল হয় নাই। দেশ ভদ্ধ লোক তাহাকে বেই কার্য্যের জন্য ছিছি কোরতে লাগিল।

মোহিনী। তা কলেই বা। লোকে বলে বলে ভার গাংও ত ক্ষাম আংঘাত লাগে নাই, আর বিষয়ও ত পেলে।

নীরোদ। অমন বিষয় পেলেই কি আর না পেলেই

কি পুলোকে তাহার যেরপে অধ্যাতি করছে, তা তন্লেড

কট হয়। আর ভূমি শোন নাই যে এই দকল ঘটনা জানাইর।
অতুলকে আমি একথানি পর লিখেছি। শীঘ্রই ইহার সংবাদ
আস্বে। দেখনা দেই বা কি উত্তর দেয়। তার পর জনা
পরামর্শ করা যাবে।

মোহিনী। বে আরু কি কোরবে। তাহার জীকে কি জলে ফেলে দেবে না দূর করে দেবে। তাহার জীবচ না তুরি বড় ?

নীরোদ। মোহিনী! ভূমি অভ্নের অভাব জাম না। আমি ভ.হাকে উঠ্ভে বল্লে উঠে, বদতে বল্লে বদে। দে আমুর হাত ধরা। আর একটা কথা ভোমার বল্তে ভুলেছি। আমি মধ্যে মধ্যে ছোট বৌএর চরিত্র লোবের বিষয় জানাইয়া থাকি। তার কি এতদিনে কোন ফল হয় নাই।

মোহিনী। ইাগা সত্য নাকি, কৈ এতদিন ত আমার এ সকল কথা শোনাও নাই। তকে বুঝি ভূমি আমাকেও সকল কথা খুলৈ ঘল না, তা বল্বে জেন। আমি ত আর ডোমার আপ-নার নয়।

নীরোদ। না ভূমি আমার পর। আর পরের জন্যই এইদকল বড়বন্ত করা হচ্চে। তোমার কেমন অলেই রাগ হয়।
কি জান, দকল কথা তেমার ঠিক দমরে বলতে পারা বায়
না। যদি কোন্ হতে কেহ ওন্তে পার তা হ'লে দকলই
গোল হরে পড়বে। বিশেষ খ্যামাকে ভূমি বোধ হয় এখনও
চেন না। খ্যামা বড় ভন্নীনক মেরে। খ্যামার জন্যইত ছোট
বিভিন্ন জিত হ'লো।

মোহিনী। ৰটে, আছো আমি যদি মোহিনী হই, তা হলে গুমাকে যে কোন উপায়ে পারি জব্ধ কোর্বই কোর্ব। দেখি দে কত্ত বড় মেরেমানুষ আয় আমিই বা কত্ত বড়। এই-ক্লপ কথা বার্তা কহিতে কহিতে রাত্তি অধিক হইল দেখিয়া সেদিন আর কোন কথা না বলিয়া আহারাদি দমাপন করত শয়ন মন্দিরে গমন করিলেন। বলা বাহল্য দেদিন মোহিনীর নিদ্রাহয় নাই। কিরপে গুমাকে জব্দ কোর্বো দেই চেপ্তাই তাহার বলবতী ছিল।

পর দিন প্রাতঃকালে দিল্লী হইতে এক পত্ত আদিল। নিরোদ বাবু শিরোনামা দেথিয়াই বুঝিতে পারিলেন যে, অতুল বাবুই তাঁহাকে দেই পত্ত প্রেরণ করিয়াছেন। পত্তের মর্ম অবগত হইয়া নীরোদ বাবু আছ্লাদিত মনে একেবারে মোহিনীর নিকট গমন করিয়া জাঁহাকে বলিলেন, "মোহিনী! আজ এই পত্রথানি অতুলের নিকট হইতে পেয়েছে। অতুল যাহা লিখেছে তাহাতে আমার আশাভীত ফললাভ হয়েছে। কিন্তু কি কোরে যে ছোট বৌকে এই সকল কথা বোল্বো তাহাই চিন্তু: কোচি।

মোহিনী। হাঁগা ছাট ঠাকুরপো কি লিখিছে ?

নীরোদ। কেন! দে লিখেছে যে পাত্রপাঠ "সেই কুল-কলন্ধিনী ছোট বোকে বাড়ী হতে দুর কোরে দিবেন"।

মোহিনী। আহা ! এমন দিন কবে হবে গা। আবাগী বাড়ী থেকে কবে বেরোবে গা। আমার যে আর দহ হয় না। আমার ভাইয়ের উপর নজর। আহা ! নদেরটাল আমার কিছুই জানেনা, বড় ভালমানুষ। তার শরীরে আঘাত! আবাগী মরেনাগা!

নীরোদ। তাইত ভাবছি যে, এই দর্মনেশে ঘটনা কেমন করেই বা বলি, এ সকল কথা বড় স্থান্য নয়। খরের বৌকে বাড়ী থেকে বার করে দিলে পাঁচ জনেই বা আমায় কি বলুবে।

মোহিনী। এতে জার তে:মার কি বল্বে। যঁ:হার স্বী সেই যথন দূর করে দিতে লিখেছেন, তথন জার আমাদের দোল কি?

নীরোদ। দেও বুঝ্লাম। কিন্ত স্থাতৃল যদি এখানে. থাক্ত, তাহলে কোন গোলধোগ ঘটিত না। এগন যদি আমি ছোট বৌকে বাটী হতে দূর কোরে দি, তা হ'লে লোকে বোল্বে আমি তাড়াইরা দিলাফ। অভুল যে একাল কর্ছে তা কি লোকে ব্রুবে। তারা আমারই দোহ ধোর্বে।
আর বল্বে যে ছোট ভাই যদি রাগের ভরে একটা কথা
বলে, তা হ'লে বড় ভাইয়ের একার্য্য করা ভাল হয় ন ই।
সেই জন্য সাত পাঁচ চিম্বা কর্ছি। কিন্তু কি করি ত:হার
কিছুই স্থির কোর্তে পাচি না।

মোহিনী। পোড়া লোকে এতে কেন আমাদের দেশে দিবে। আমরা যদি নিজের কথার এ কায় করি, তবে ভ ভাহারা হৃদ্তে পারে, নতুবা ভাহাদের এ নকল কথার প্রয়োজন কি? আর ভাতেও ইদি ভাহারা না বুঝে ত কি কর্বো, ভাদের মুখ ভ আর চাপা দিতে পারবোনা। কিন্তু বার্বা বুদ্ধিনা ভাঁহারা ঠিক বুক্তবেন যে ভাইরের পরামর্শ ক্রমেই ভাহার জীকে বাটী হতে দূর কোরে দেওয়া হ'ল। তুমি আত ভয় পেওনা। তুমি যদি এ কাজ না পার আমায় দাও, জামি ঠিক বোল্বো এখন।

নীরোদ। বেশত। বেশত। তা তৃমি যদি একবার বলে দেখতে পারত বড়ই ভাল হয়, কেন না মেয়েদের কথা মেয়ে-দের দিয়াই বলা ভাল। আমারও তাই ইচ্ছা। কিন্ত দেথো, পার্বেত ং

মেহিনী। তাপার্কোনা কেন ? একি আর এত শক্ত কাজ। আমিত আর নিজে বল্চি না। তারই স্বামী তাকে দূর করে দিতে বল্ছে। দেই কথাটা বলা বই ত নয়, পে আমি বেশ পার্কো। এমনই ভাল কথায় বুঝাইয়া দিব যে তুমি যেন আর তথন আমায় দোব দিও না।

চতুর্দশ পরিচ্ছেদ।

একার্কিনী।

"The wills above be done."

Shakespeare.

হরেক্রক্মার এবং তাহার বৃদ্ধ পিতামাতাকে আমর। জনেক দিন ছাড়িয়া আদিয়াছি। আক্ষার ইচ্ছা বোধ হয় এতদিনে ফল-বতী হইল। আজ মহাব্ম। হয়েক্রক্মারের বিবাহ। এত দিন অর্থের অক্লান বশতঃই হয়েক্র বিবাহে অনিচ্ছা প্রকাশ করিতেন এখন তাঁহার বেতন বৃদ্ধি হওয়াতে আয়ের অন্নেক্ স্বিধা হইরাছে জানিতে পারিয়া পিতা মাতার অনুরেধে বিবাহস্ত্রে বৃদ্ধ হইবার ইচ্ছা হইল।

চম্পাপুর প্রামের সাত আট কোশ উত্তরে অবিনাশ বিশ্বোপাধ্যার নামক একজন নদাশর ব্রাহ্মণ বাস করেন। ভাহার একমাত্র কন্যা ও চুদ্ধপোষ্য একটা বালক ভিন্ন পিডা বিলতে আর কেইছ ছিল না। সেইজন্য অবিনাশ, বাবুর সম্পূর্ণ ইচ্ছা ছিল যে, জামাভাকে গৃহে রাথিয়া ভাহার ভ্রাম্থান করিবেন। কিন্তু সেরূপ পাক্র না পাওয়াতে অবিনাশ বাবু অগতাঃ হরেক্রক্মারকেই কল্যা সমর্পণ করিতে মনস্থ করিন্ন। হরেক্রক্মার বছদিন অথ্যে আপার মাভার মুথে গৈই কনারে রূপের কথা শুনিয়াছিলেন এবং সেই কথার বিশ্বাস করিয়া অবিনাশ বাবুর কল্যা শশীকলাকেই বিশ্বাহ করিতে বীরত হইয়ছিলেন।

পুর্নেই বলা হইরাছে, হরেক্রক্মার কলিকাভার চাকরি করিতেন। তাঁহার মাতুলই তাঁচাকে ঐ কর্ম্ম করিরা দেন। দেই
কর্ম্ম পাইরা অবধি হরেক্রক্মার আর কথনও বাটা আইনেন
নাই। এবার বিবাহ উপলক্ষে প্রভুর নিকট হইতে অবকাশ
লইরা বাটীতে আগমন করিরাছেন। ইতিপুর্নেই পাঠকগণ
হরেক্রবীব্র পরিবারের বিষয় অবগত ছিলেন কিন্তু আজ বিবাহ
উপলক্ষে দেই অল্ল পরিস্ত্র ক্টার আত্মীরবর্গে পরিপূর্ণ হইল।
জীলোকের ও শিশুদিগের কলরবে এক অপূর্নে অস্পই ধ্বনি
উঠিতে লাগিল। ঘন ঘর শুজানাদে পলী প্রতিক্রনিত হইতে
লাগিল। প্রতিবাদী ও বিমন্ত্রিত ক্লকামিনীগণের উল্প্রনিতে
ক্টার পূর্ণ হইতে লাগিল। দেখিতে দেখিতে সময় অভিবাহিত
হইতে লাগিল। দরিত্র প্রাহ্মণের পর্ণক্টারও আজ উল্লাদে
হাদিল।

ভভদিনে ভভক্ষণে হরেন্দ্রকুমারের বিবাহ শেব ইইয়া গেল।
পরদিন বরকন্যা গৃহে আগমন করিল। মহা আনন্দে ব্রংকণী
নবংধুকে ক্রোড়ে গ্রহণ করিয়া মনের আশা পূর্ণ করিশেন।
ব্রাক্ষণেরও আনেন্দের পরিসীমা রহিল না।

হরেক্রক্মারের বিবাহ উপলক্ষে নীরোদ বাবু ও তাঁহার সমস্ত পরিবারবর্গ নিমন্তিত হইয়াছিলেন। তাঁলোকের মধ্যে মোহিনী ও পুক্ষের মধ্যে নীরোদ বাবুর পুত্র হুরেশ ও অতুল বাবুর পুত্র দতীশ ইহারাই আহ্মণ বাটীর নিমন্ত্রণ রক্ষা করিতে গিরাছিলেন।

মোহিনী দেদিন আর ভূষণাকে দেই মর্ম্মজেদী কথা বলি-বরে সংহকাশ পান নাই। পরদিন অভি প্রভূত্বে গোহিনী শ্যা ইইতে গাজোখান করিয়া ভূষণার অবেহণে গ্যন করি- লেন। পথে শ্রামার বহিত তাঁহার সাক্ষাৎ হইল। তিনি তাহাকে ভ্রণার কথা জিল্পাসা করিলে দে বলিল, "ছোট মা বোধ হর গৃহে আছেন। কেনগা, তোমার কি কিছু প্রোজন আছে? মোহিনী তাহার কথার কর্পানত না করিয়া একেবারে ভ্রণার কক্ষেউপনীত হইয়া বলিলেন, "ছোট বৌ! এক্লা বদে কি ভাব্ছ!"

ज्या। ध्या निमि ध्या! जागि जात्र जाव्दा कि वन।

মোহিনী। নাবোন, বোস্ব না। এখন কি বস্বার সমর, ভবে একটা কথা আছে তাই তোমায় বল্তে এদেছি। কি ত সে কথা যে কেমন করে বল্বো তাই ভাব্ছি। আবার এদিকে নাবোল্লেও নয়। আমি কি করব বল।

ভূষণা। মেজ দিদি, কি কথা ভাই শীঘ্র বল, আমার ক্লেকপাল।

মোহিনী। কি করে বলি ছোট বৌ। সে কথা ওনৈ স্বাধি আমার মন বড়ই থাবাপ হয়েছে। কাল এক খানা চিটী দিল্লী থেকে এসেছে। উনি দেখানি পড়ে দেই দর্কনেশে কথা ভোমায় শোনাভে বলেছেন।

ভূষণা। সর্বনেশে কথা! কি সর্বনাশ মেজ দিবি! মেজ বিদি ভোমার কথা আমার বড় ভাল বোধ হচ্ছে না, কি কথা শীঘ্র বল ?

মোহিনী। ছোট বৌ, আমার তভাই দে কথা বল্ভে সাহদ হয় না। তবে যদি না বলি তাত্তেও বিপদ। কথা এই যে, তোমায় দিন কতক অন্ত কোন ছানে গিলা থাক্তে হবে। এ কথা কিছু আমি বল্ছি না। এই চিটাধানি নাও, দেখ, ইহাতে কি লেখা আছে।

ভূষণা পত্রখানি মোহিনীর নিকট হইতে গ্রহণ করিলেন।
পত্র পাঠ করিতে করিতে উাহার প্রকুল কমল সদৃশ সুন্দর
আনন অঞ্জলে দিক্ত হইল। তাঁহার চক্ষু জলে পরিপূর্ব
স্টল। তিনি সমস্ত পত্র পাঠনা করিয়াই পত্রখানি মোহিনীর
হল্তে পুনর্কার অর্পণ করিলেন। মোহিনী পত্র পাইয়া তাহাকে
জিজ্ঞানা করিলেন, হোট বৌ, আমার ভাই কিছু দোষ নাই,
আমাদের উপর রাগ কর্লে কি হবে ভাই। আমরা কি
কোরব বল ?

ভূষণা। তোমাদের দেখে কি। দোষ আমার অদুষ্টের, নভূবা থিনি আমার চরিত্রে কথক্কও কোন দোষ পান নাই, তিনি কিনা আজ আমাকে কল্পকিনী বল্লেন। ইহাতে আমার নাবণই মঙ্গল। ভূমি তোমার কাধ্য কোরেছ, এখন আমিও ভাহার আদেশ মত কাধ্য কোরব।

' মোহিনী। এগন ভূমি কি কোরবে।

ভূষণা। কি আর কোর্ব। যথার ত্ই চক্ষু যার তথার যাব।
ন সংসারের সহিত আমার আর কোন সম্বন্ধ রহিল না। আমি
কলঙ্কিনী! কলঙ্কিনীর এ সংসারে স্থান নাই। তাই আমি
নংন কেরেছি যেধানে আমার চক্ষু যাবে সেই খানেই যাব।

খোহিনী এই কথা শুনিয়া মনে মনে আনন্দিতা হইল।
এবং কিয়**ংকণ পরে ভ্**ষণাকে সেইরূপে রাথিয়া ধীরে ধীরে
আপন ককে গমন করিলেন।

